রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৪ সনের ২৬ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২৬, ২০১৪

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৩৫৯—৩৮০ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৮০১—৮২৮ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১১৯১—১২৬১ | (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**

**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**

**পরিচালনা পর্ষদ ও সমন্বয় অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ০২ মার্চ ২০১৪

**নং ৫৩.০১৩.০১১.০০.০০.০৯৬.২০০৮-৩৪**—সৌদি-বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড (সাবিনকো)-এর মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশনের ৪৩ ও ৪৫ অনুচ্ছেদের বিধান অনুযায়ী উক্ত কোম্পানীর পরিচালনা পর্ষদের বর্তমান পরিচালক জনাব ফজলে কবির, অর্থ সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়-কে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত ডেপুটি চেয়ারম্যান হিসেবে নিয়োগ দেওয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৫৩.০১৩.০১১.০০.০০.০৯৬.২০০৮-৩৫**—সৌদি-বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড (সাবিনকো)-এর মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশনের ৪৩ ও ৪৫ অনুচ্ছেদের বিধান অনুযায়ী উক্ত কোম্পানীর পরিচালনা পর্ষদে জনাব মোহাম্মদ মেজবাহউদ্দিন, সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ-কে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত পরিচালক হিসেবে নিয়োগ দেওয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শাহজাহান**
সহকারী সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ শাহ্-ই-আলম পাটোয়ারী, ভারপ্রাপ্ত উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

**বীমা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ ফেব্রুয়ারি ২০১৪

**নং ৫৩.০০৫.০১১.০১.০০.০২১.২০০৯-৪৪**—The Insurance Corporation Act, 1973 এর ৭ ধারায় অর্পিত ক্ষমতাবলে ড. মোহাম্মদ আলী খান, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়-কে সাধারণ বীমা কর্পোরেশন এর পরিচালনা পর্ষদের পরিচালক হিসাবে ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ দেওয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহ্ মোমিন**
সিনিয়র সহকারী সচিব।

**[ একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত ]**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ ফেব্রুয়ারি ২০১৪

**নং ৫৩.০০৫.০১১.০১.০০.০২১.২০০৯-৪৪**—The Insurance Corporation Act, 1973 এর ৭ ধারায় অর্পিত ক্ষমতাবলে ড. মোহাম্মদ আলী খান, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়-কে সাধারণ বীমা কর্পোরেশন এর পরিচালনা পর্ষদের পরিচালক হিসাবে ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ দেওয়া হলো।

২। উক্ত পর্ষদের পরিচালক ড. মোঃ রুহুল আমিন সরকার, অতিরিক্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়-কে এতদ্বারা অব্যাহতি প্রদান করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহ্ মোমিন**
সিনিয়র সহকারী সচিব।

---

**প্রকল্প ব্যবস্থাপনা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৯ ফেব্রুয়ারি ২০১৪

**নং ৫৩.০১০.০১৪.০০.০০.২৬০.২০০৪(১)-৫২**—ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-এর ৩০.০১-২০১৪ তারিখে জারীকৃত ৫৩.০১০.০১৪.০০.০০.২৬০.২০০৪(১)-২৫ নং প্রজ্ঞাপনটি সংশোধনক্রমে সোশ্যাল ডেভেলমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)-এর সংঘ বিধির ৬(এ) এবং ৩৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে নিম্ন বর্ণিত ০৩ (তিন) জন সদস্যকে উক্ত প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ ও সাধারণ পর্ষদে ০২ (দুই) বৎসরের জন্য সরকার মনোনীত সদস্য হিসেবে নির্দেশক্রমে নিযুক্ত করা হলো :

| ক্রমিক নং | নাম ও বর্তমান ঠিকানা | পদবী |
|---|---|---|
| (১) | প্রফেসর মুয়াজ্জেম হোসাইন খান, অর্থনীতি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, ভাইস-প্রেসিডেন্ট, বাংলাদেশ ইকোনমিক এসোসিয়েশন। | সদস্য-পরিচালনা পর্ষদ ও সাধারণ পর্ষদ |
| (২) | জনাব দেবাশীষ নাগ, প্রজেক্ট এডভাইজার, আমাদের গ্রাম ক্লাইমেট কেয়ার প্রজেক্ট এবং প্রাক্তন উপ-সচিব। | সদস্য-সাধারণ পর্ষদ |
| (৩) | ড. শেখ শামসুদ্দিন আহমেদ, ফিন্যান্স বিভাগ, ফ্যাকাল্টি অব বিজনেস স্টাডিজ, ঢাকা বিশ্ববিদ্যালয়। | সদস্য-সাধারণ পর্ষদ |

এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

**নেওয়াজ হোসেন চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

---

**[ একই নম্বর ও তারিখে জারীকৃত আদেশের স্থলাভিষিক্ত হইবে ]**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৯ ফেব্রুয়ারি ২০১৪

**নং ৫৩.০১০.০১৪.০০.০০.২৬০.২০০৪(১)-৫৪**—বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন (বিএনএফ)-এর সংঘ বিধির ৮.৩ (ii) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে নিম্ন বর্ণিত ০৩ (তিন) জন-কে উক্ত প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদে ০২ (দুই) বৎসরের জন্য সরকার মনোনীত সদস্য হিসেবে নির্দেশক্রমে নিযুক্ত করা হলো :

| ক্রমিক নং | নাম ও বর্তমান ঠিকানা | পদবী |
|---|---|---|
| (১) | জনাব এ এফ এম ইয়াহিয়া চৌধুরী, অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব। | সদস্য-পরিচালনা পর্ষদ |
| (২) | জনাব অমলেন্দু মুখার্জী, অতিরিক্ত সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়। | সদস্য-পরিচালনা পর্ষদ |
| (৩) | ড. নিলুফার বানু, এক্সিকিউটিভ ডাইরেক্টর, বাংলাদেশ উন্নয়ন পরিষদ। | সদস্য-পরিচালনা পর্ষদ |

এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

**নেওয়াজ হোসেন চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

**বীমা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৪ মার্চ ২০১৪

**নং ৫৩.০০৫.০১১.০২.০০.০০৯-২০১৩-৫৫**—বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এর ধারা ৫(৩) অনুসারে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের শূন্য পদে নবনিযুক্ত চেয়ারম্যান কার্যভার গ্রহণ না করা পর্যন্ত বর্তমান ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব মোঃ ফজলুল করিম এর স্থলে এ কর্তৃপক্ষের সদস্য জনাব মোঃ কুদ্দুস খান-কে ভারপ্রাপ্ত চেয়ারম্যানের দায়িত্ব প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহ্ মোমিন**
সিনিয়র সহকারী সচিব।

---

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**শাখা-১ (প্রশাসন)**

**অফিস আদেশ**

তারিখ, ২০ ফাল্গুন ১৪২০/০৪ মার্চ ২০১৪

**নং ০৮.০০.০০০০.০৩৬.১৮.০৩১.১৩/১৭৯**—অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, হিসাবরক্ষক জনাব মোঃ মাসুদুর রহমান-কে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২-০৫-২০১৩ খ্রিঃ তারিখের ০৫.১২৩.০৩৫.০০.০০.০০৫.২০০৮(অংশ-১)-১১০ সংখ্যক প্রজ্ঞাপন মোতাবেক নিম্নোক্তভাবে Upgraded করা হলো।

| নাম | বর্তমান পদনাম | পরিবর্তিত পদনাম | বর্তমান বেতন স্কেল | পরিবর্তিত বেতন স্কেল | পরিবর্তিত পদমর্যাদা |
|---|---|---|---|---|---|
| জনাব মোঃ মাসুদুর রহমান | হিসাবরক্ষক | সহকারি হিসাব রক্ষণ কর্মকর্তা | ৬৪০০-১৪২৫৫/- | ৮০০০-৪৫০×৭-১১১৫০-ইবি-৪৯০-১৬৫৪০/- | দ্বিতীয় শ্রেণির গেজেটেড |

২। এ আদেশ ২২-০৫-২০১৩ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

**আনিসুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

---

**অধিশাখা-২(কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৩ মার্চ ২০১৪

**নং ০৮.০০.০০০০.০৩৭.২৭.০৫৪.১২-১২৩**—যেহেতু, বিসিএস (কর) ক্যাডারের কর্মকর্তা জনাব পরিতম কুমার দত্ত, সহকারী পরিচালক, কর প্রশিক্ষণ পরিদপ্তর বিসিএস (কর) একাডেমী, ঢাকা এর অনুকূলে Australian University of Queensland-এ Doctor of Philosophy প্রোগ্রামে অধ্যয়নের জন্য ৪ (চার) বৎসর ২ (দুই) মাস ৯ (নয়) দিন শিক্ষা ছুটি মঞ্জুর করা হয়। তিনি শিক্ষা ছুটি শেষে স্ব-পদে যোগদান না করে চাকুরী হতে অব্যাহতি প্রদানের আবেদন করলে তাঁর শিক্ষা ছুটি মঞ্জুরীর শর্ত অনুযায়ী ক্ষতিপূরণ বাবদ ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা জমা প্রদানের জন্য মহাপরিচালক, বিসিএস (কর) একাডেমী, ঢাকা কর্তৃক পত্র প্রেরণ করা হলেও তিনি টাকা জমা দেননি। তাছাড়া তাঁর শিক্ষা ছুটি মঞ্জুর আদেশে শিক্ষা সমাপনান্তে তিনি একই পদ একই কর্মস্থলে যোগদান করবেন মর্মে উল্লেখ ছিল। কিন্তু তিনি অনুমোদিত শিক্ষা ছুটি শেষে যথাসময়ে স্ব-পদে যোগদান করেননি বিধায় বিগত ১১-১২-২০১২খ্রিঃ তারিখে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) অনুযায়ী "অসধাচরণ" (misconduct) ও ডিজারশনের" (desertion) অভিযোগে অভিযুক্ত করে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা দায়ের করতঃ তাঁকে কারণ দর্শাতে বলা হয়।

যেহেতু, জনাব পরিতম কুমার দত্ত ৩০-১২-২০১২খ্রিঃ তারিখে লিখিত জবাব দাখিল করেন। জবাবে তিনি ঠিকানা উল্লেখ না করায় এবং তিনি ব্যক্তিগত শুনানীতে আগ্রহী না হওয়ায় বিষয়টি গভীরভাবে অনুসন্ধান করে সঠিক তথ্য উদঘাটনের জন্য বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য ০৩-০৪-২০১৩খ্রিঃ তারিখে জনাব ফারুক আহমেদ, প্রথম সচিব (শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকাকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা ১১-০৫-২০১৩খ্রিঃ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত বলে উল্লেখ করেন।

যেহেতু, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে জনাব পরিতম কুমার দত্ত এর বিরুদ্ধে আনতি অভিযোগে তাঁকে দোষী সাব্যস্ত করে সরকারি চাকরি হতে বরখাস্ত (Dismissal from service) করার সাময়িক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে ১৪-০৮-২০১৩খ্রিঃ তারিখে তাঁকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়।

যেহেতু, জনাব পরিতম কুমার দত্ত দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি। জবাবের জন্য প্রায় দেড় মাস অপেক্ষা করে জবাব না পাওয়ায় মন্ত্রণালয়ের প্রশাসনিক সিদ্ধান্ত অনুযায়ী তাঁকে চাকুরি হতে বরখাস্ত (Dismissal from service) করার বিষয়ে বিগত ২৩-০৯-২০১৩খ্রিঃ তারিখে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হলে সরকারি কর্মকমিশন মন্ত্রণালয়ের গৃহীত সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে।

যেহেতু, জনাব পরিতম কুমার দত্ত এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন, তাঁর কৈফিয়তের জবাব, সরকারি কর্ম কমিশনের পরামর্শ ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে তাঁর বিরুদ্ধে আনীত "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি চাকুরি থেকে বরখাস্ত (Dismissal from service) করা সমীচীন বলে প্রতীয়মান হওয়ায় বিগত ১২-০১-২০১৪খ্রিঃ তারিখে মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ সম্মতির জন্য প্রস্তাব প্রেরণ করা হয়। মহামান্য রাষ্ট্রপতি জনাব পরিতম কুমার দত্তকে সরকারি চাকুরি থেকে বরখাস্ত (Dismissal from service) করার সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন।

সেহেতু, বিসিএস (কর) ক্যাডারের কর্মকর্তা জনাব পরিতম কুমার দত্ত, সহকারী পরিচালক, বিসিএস (কর) একাডেমী, ঢাকাকে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) অনুসারে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির তারিখ ০১-০৪-২০১০খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত (Dismissal from service) করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম হোসেন**
সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ ফেব্রুয়ারি ২০১৪

**নং ১০.০০.০০০০.১২৫.২৮.০০৪.১৩-৮৪**—ময়মনসিংহ জজশীপের অধীন ঈশ্বরগঞ্জ চৌকি আদালতের সাবেক সিনিয়র সহকারী জজ বর্তমানে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগে সংযুক্ত জনাব মোহাম্মদ কামাল খাঁনের বিরুদ্ধে ১৯৮৫ সালের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) বিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগে ০১/২০১৪ নং বিভাগীয় মামলা রুজু করা হয়েছে; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ গুরুতর; এবং

যেহেতু, আনীত অভিযোগ পূর্ণাঙ্গ তদন্তের স্বার্থে তাকে অবিলম্বে সাময়িকভাবে বরখাস্ত করা যুক্তিযুক্ত ও অপরিহার্য বলে কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে;

সেহেতু, বাংলাদেশ সুপ্রীমকোর্টের সাথে পরামর্শক্রমে ১৯৮৫ সালের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) ১১(১) বিধি মোতাবেক জনাব মোহাম্মদ কামাল খাঁন-কে সাময়িকভাবে বরখাস্ত (Suspend) করা হল। সাময়িকভাবে বরখাস্তকালীন সময়ে অভিযুক্ত কর্মকর্তা প্রচলিত বিধি মোতাবেক খোরাকী ভাতা (Subsistence Allowance) প্রাপ্ত হবেন।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক**
সচিব (দায়িত্বপ্রাপ্ত)।

---

**বিচার শাখা-৩**

**আদেশ**

তারিখ, ০২ মার্চ ২০১৪

**নং ১১৩ বিচার-৩/১ডি-১৬/২০০৯**—যেহেতু, মাদারীপুরের সাবেক অতিরিক্ত জেলা ও দায়রা জজ বর্তমানে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগে সংযুক্ত কর্মকর্তা (অতিরিক্ত জেলা জজ) জনাব মোঃ হাবিবুর রহমান এর বিরুদ্ধে ১৯৮৫ সনের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ৩(ডি) বিধি মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির দায়ে অভিযোগ আনয়নপূর্বক ১৬/২০০৯ নং বিভাগীয় মোকদ্দমা রুজু করতঃ কেন তাঁকে চাকুরী হতে বরখাস্ত করা হবে না সেই মর্মে কারণ দর্শানো নোটিশ জারী করা হয়; এবং

যেহেতু, জনাব মোঃ হাবিবুর রহমান উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাবে প্রস্তাবিত শাস্তি প্রদানের বিপক্ষে গ্রহণযোগ্য কোন যুক্তি প্রদর্শন করতে পারেননি; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা জনাব মোঃ হাবিবুর রহমানের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে কর্তৃপক্ষ জনাব মোঃ হাবিবুর রহমান-কে অভিযোগের ভিত্তিতে প্রাথমিকভাবে দোষী সাব্যস্ত করে কেন তাঁকে চাকুরী হতে বরখাস্ত (Dismissal from service) করা হবেনা সে মর্মে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করেন; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানোর নোটিশটি গ্রহণ না করায় উহা জাতীয় দৈনিক পত্রিকায় প্রচার করা হলেও তিনি প্রস্তাবিত শাস্তির বিরুদ্ধে কোন জবাব প্রদান করেননি;

এক্ষণে, সেহেতু, বাংলাদেশ সুপ্রীমকোর্টের সাথে পরামর্শক্রমে মাদারীপুরের সাবেক অতিরিক্ত জেলা ও দায়রা জজ বর্তমানে বর্তমানে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগে সংযুক্ত কর্মকর্তা (অতিরিক্ত জেলা জজ) জনাব মোঃ হাবিবুর রহমানকে ১৯৮৫ সনের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (Dismissal from service) করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক**
সচিব (দায়িত্বপ্রাপ্ত)।

**বিচার শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০২ মার্চ ২০১৪

**নং আর-৬/১সি-৩/২০০৩-৫৩**—১৯০৮ সালের রেজিস্ট্রেশন আইনের ৫ ধারার ১ উপধারা অনুসারে সরকার ঢাকা জেলাধীন ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এলকার বিদ্যমান ১০টি সাব-রেজিস্ট্রি অফিসের অধিক্ষেত্র বিভাজনক্রমে আরও ০৩টি নতুন সাব-রেজিস্ট্রি অফিস (ধানমন্ডি, পল্লবী ও শ্যামপুর) সৃজনক্রমে ঢাকা জেলাধীন যে কোন সাব-রেজিস্ট্রি অফিসের জনবল সংযুক্ত করিয়া পরিচালনা করণের প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণ করিল।

২। জনস্বার্থে এই আদেশ জারী করা হইল। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**অরূপ কুমার গোস্বামী**

উপ-সচিব।

---

**আদেশ**

তারিখ, ২৪ ফেব্রুয়ারি ২০১৪

**নং আর-৬/৭এন-১১৩/২০১১(ক)-৯৪৪**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে বরিশাল জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব সুভাষ চন্দ্র বিপ্র বেদান্তী, পিতা সুধীর রঞ্জন বিপ্র বেদান্তী, মাতা জ্ঞানদা সুন্দরীকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মিজানুর রহমান খান**

উপ-সচিব (প্রশাসন)।

---

**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ, ১১ ফেব্রুয়ারি ২০১৪

**নং বিচার-৭/২এন-১৫/২০১৩-১৪২**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব নিমাই কুমার সরকার, পিতা সুধীর কুমার সরকার, গ্রাম চৌগাঝা, কালীতলা, ডাকঘর চৌগাছা, উপজেলা চৌগাছা, জেলা যশোর। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে যশোর জেলার চৌগাছা উপজেলা এলাকার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ২৪ ফেব্রুয়ারি ২০১৪

**নং বিচার-৭/২এন-২০/২০১৩-১৬৪**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব প্রদ্যুৎ কুমার দেব, পিতা মৃত সুখেন্দু বিকাশ দেব, মাতা মৃত পুতুল রানী দেব, গ্রাম চান্দলা, গজারিয়া, ডাকঘর চান্দলা, উপজেলা ব্রাহ্মণপাড়া, জেলা কুমিল্লা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুমিল্লা জেলার ব্রাহ্মণপাড়া উপজেলার চান্দলা, সিদলাই, মাধবপুর, ব্রাহ্মণপাড়া ও শশীদল ইউনিয়নের জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ০২ মার্চ ২০১৪

**নং বিচার-৭/২এন-৯৬/২০১৩-১৬৮**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব সুজন চন্দ্র রায়, পিতা সুবোধ চন্দ্র রায়, মাতা জোৎস্নারানী রায়, গ্রাম পিয়াইম, ডাকঘর ছাতিয়াইন, উপজেলা মাধবপুর, জেলা হবিগঞ্জ। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে হবিগঞ্জ জেলার মাধবপুর উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ০৩ মার্চ ২০১৪

**নং বিচার-৭/২এন-৭৮/২০১৩-১৭০**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে আনন্দ কুমার কুন্ডু, পিতা সুকেশ চন্দ্র কুন্ডু, গ্রাম ভাঙ্গুড়া বাজার, ডাকঘর ভাঙ্গুরা, উপজেলা ভাঙ্গুরা, জেলা পাবনা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পাবনা জেলার ভাঙ্গুরা উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ হেমায়েত উদ্দিন**
সিনিয়র সহকারী সচিব।

---

**তথ্য মন্ত্রণালয়**

**চলচ্চিত্র অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৮ ফাল্গুন ১৪২০/০২ মার্চ ২০১৪

**নং ১৫.০০.০০০০.০২৭.০৬.০০২.১৪.১০৬**—বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট আইনের ৬(১) উপধারা মোতাবেক বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট পরিচালনার জন্য নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গভর্নিং বডি গঠন করা হলো :

**চেয়ারম্যান**

(১) সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**সদস্যবৃন্দ**

(২) তথ্য মন্ত্রণালয়ের অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা।

(৩) জনপ্রশাসন মন্ত্রণালয়ের অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা।

(৪) অর্থ মন্ত্রণালয়ের অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা।

(৫) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা।

(৬) শিক্ষা মন্ত্রণালয়ের অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা।

(৭) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন।

(৮) মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন

(৯) মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট

(১০) মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ড আর্কাইভ

(১১) মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর

(১২) ড. এ জে শফিউর আলম, চেয়ারম্যান, টেলিভিশন ও চলচ্চিত্র বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

(১৩) ড. গীতিআরা নাসরীন, অধ্যাপক, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

(১৪) জনাব মসিহ্উদ্দিন শাকের, চলচ্চিত্র পরিচালক

(১৫) জনাব আব্দুর রাজ্জাক, অভিনেতা

(১৬) জনাব তানভীর মোকাম্মেল, চলচ্চিত্র নির্মাতা ও শিক্ষক

(১৭) সৈয়দ হাসান ইমাম, অভিনেতা, চলচ্চিত্র নির্মাতা ও প্রযোজক।

(১৮) জনাব নাসিরউদ্দিন ইউসুফ, সাংস্কৃতিক ব্যক্তিত্ব

(১৯) মিজ সুবর্ণা মুস্তাফা, অভিনেত্রী

(২০) মিজ ক্যাথরিন মাসুদ, চলচ্চিত্র বিশেষজ্ঞ

(২১) মিজ সামিয়া জামান, বিশিষ্ট সাংবাদিক ও চলচ্চিত্র নির্মাতা।

**সদস্য-সচিব**

(২২) ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, অতিরিক্ত প্রধান তথ্য অফিসার এবং প্রধান নির্বাহী (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিউট।

২। এ গভর্নিং বডির মেয়াদ হবে ০৩ (তিন) বছর।

৩। এ বোর্ডের কার্যক্রম বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট আইন-২০১৩ অনুসারে পরিচালিত হবে।

৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ২৫ ফাল্গুন ১৪২০/০৯ মার্চ ২০১৪

**নং ১৫.০০.০০০০.০২৭.০১.০২১.১৩.১১৫**—সুস্থ ও মানসম্পন্ন চলচ্চিত্র নির্মাণের নিমিত্তে ২০১৩-২০১৪ অর্থ বছরে সরকারি অনুদান প্রদানের জন্য গঠিত চলচ্চিত্র অনুদান বাছাই কমিটির সুপারিশ বিবেচনার্থে নিম্নোক্তভাবে **'চলচ্চিত্র অনুদান কমিটি'** গঠন করা হলো :

**সভাপতি**

(১) মাননীয় মন্ত্রী, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) জনাব সুকুমার রঞ্জন ঘোষ, মাননীয় সংসদ সদস্য, ১৭১ মুন্সিগঞ্জ-১।

(৩) বেগম সিমিন হোসেন (রিমি), মাননীয় সংসদ সদস্য, ১৯৭ গাজীপুর-৪।

(৪) সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(৫) অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(৬) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন।

(৭) জনাব গোলাম সারওয়ার, সম্পাদক, দৈনিক সমকাল

(৮) জনাব মসিহ্উদ্দিন শাকের, চলচ্চিত্র পরিচালক

(৯) জনাব নাসির উদ্দীন ইউসুফ, চলচ্চিত্র নির্মাতা ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব

(১০) ড. বিশ্বজিৎ ঘোষ, অধ্যাপক, বাংলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

**সদস্য-সচিব**

(১১) যুগ্মসচিব (উন্নয়ন)/অতিরিক্ত সচিব (উন্নয়ন), তথ্য মন্ত্রণালয়, ঢাকা।

২। ইতোপূর্বে ২৭ আগস্ট ২০১৩ তারিখের ১৫.০০.০০০০. ০২৭.৩১.০২১.১৩.৫৯৬ নং প্রজ্ঞাপনমূলে ২০১৩-২০১৪ অর্থ বছরে সরকারি অনুদান প্রদানের জন্য গঠিত **'চলচ্চিত্র অনুদান কমিটি'** এতদ্বারা বাতিল করা হলো।

৩। **কমিটির কার্যপরিধি :**

(ক) ২০১৩-২০১৪ অর্থ বছরে সরকারি অনুদান প্রদানের লক্ষ্যে গঠিত **'চলচ্চিত্র অনুদান বাছাই কমিটি'** এর সুপারিশ পর্যালোচনা করবে;

(খ) সুপারিশ পর্যালোচনান্তে সরকার কর্তৃক প্রণীত **'চলচ্চিত্র নির্মাণে সরকারি অনুদান প্রদান নীতিমালা-২০১২'** এর আলোকে অনুদান প্রদানের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।

**নং ১৫.০০.০০০০.০২৭.৩১.০২২.১৩.১১৬**—চলচ্চিত্র শিল্পে মেধা ও সৃজনশীলতাকে উৎসাহিক করা এবং বাংলাদেশের আবহমান সংস্কৃতি সমুন্নত রাখার লক্ষ্যে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনা, মানবীয় মূল্যবোধ সম্পন্ন জীবনমুখী, রুচিশীল ও শিল্পমানসমৃদ্ধ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি পৃষ্ঠপোষকতা ও সহায়তা প্রদানের উদ্দেশ্যে ২০১৩-২০১৪ অর্থ বছরে সরকারি অনুদান প্রদানের লক্ষ্যে নিম্নোক্তভাবে **'স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান কমিটি'** গঠন করা হলো :

সভাপতি

(১) মাননীয় মন্ত্রী, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) বেগম মাহাবুব আরা বেগম গিনি, মাননীয় সংসদ সদস্য, ৩০ গাইবান্ধা-২, ভবন নং-৫, ফ্ল্যাট নং ৩০১, সংসদ সদস্য ভবন, ঢাকা।

(৩) সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(৪) অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৫) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, ঢাকা।

(৬) জনাব মোরশেদুল ইসলাম, চলচ্চিত্র ব্যক্তিত্ব, এপার্টমেন্ট ৩/ডি, বাড়ী নং-৪৫, রোড নং-৪/ধানমন্ডি, ঢাকা।

(৭) মিজ সামিয়া জামান, সাংবাদিক ও চলচ্চিত্র নির্মাতা, ৫বি, বাসা-৪, রাস্তা-৭৬, গুলশান-২, ঢাকা।

(৮) ড. এ জে শফিউল আলম, চেয়ারম্যান, টেলিভিশন ও চলচ্চিত্র বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**সদস্য-সচিব**

(১১) যুগ্মসচিব (উন্নয়ন)/অতিরিক্ত সচিব (উন্নয়ন), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। ইতোপূর্বে ২৩ সেপ্টেম্বর ২০১৩ তারিখের ১৫.০০.০০০০. ০২৭.৩১.০২২.১৩.৬৯৫ নং প্রজ্ঞাপনমূলে ২০১৩-২০১৪ অর্থ বছরে সরকারি অনুদান প্রদানের জন্য গঠিত **'স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান কমিটি'** এতদ্বারা বাতিল করা হলো।

৩। **কমিটির কার্যপরিধি :**

(ক) ২০১৩-২০১৪ অর্থ বছরে সরকারি অনুদান প্রদানের লক্ষ্যে গঠিত **'স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান বাছাই কমিটি'** এর সুপারিশ পর্যালোচনা করবে;

(খ) সুপারিশ পর্যালোচনান্তে সরকার কর্তৃক প্রণীত **'স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি অনুদান প্রদান নিয়মাবলী ২০১২'** এর আলোকে অনুদান প্রদানের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জি, এন, নজমুল হোসেন খান**
উপসচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৮ ফাল্গুন ১৪২০/২ মার্চ ২০১৪

**নং প্রম/প্রক/অভি/৯৮/ডি-১৮/৯১**—যেহেতু, জনাব আবুল ফারাহ মোহাম্মদ মোজাম্মেল হক, সিএসও-৩ (পরিচিতি নম্বর ১১৭) প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন সেনাসদর, এজি শাখা, বেতন, ভাতা ও হিসাব পরিদপ্তরে কর্মরত থাকা অবস্থায় বিগত ২৬ জুন ২০১১ তারিখ থেকে কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, জিএস শাখা, এসডি পরিদপ্তর, সেনাসদর, এসডি ৪-এর ৩ জুলাই ২০১১ তারিখের ৬৭০২/০০৭/এসডি-৪ ও ১৭ জুলাই ২০১১ তারিখের ৬৭০২/০০৭/এসডি-৪ সংখ্যক পত্র এবং প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের ৯ আগস্ট ২০১১ তারিখের ১০/৭-এ/৮১/ঐ-১/৯০৫(০৩) সংখ্যক পত্রের মাধ্যমে তাঁকে কর্মে যোগদানের জন্য নির্দেশ দেয়া হলে বর্ণিত পত্রগুলো তাঁর স্থায়ী ও বর্তমান ঠিকানা থেকে 'প্রাপক উক্ত ঠিকানায় না থাকায় ফেরত দেয়া হলো' মন্তব্যসহ ফেরত আসে, উক্ত পত্রগুলো তাঁর স্থায়ী ও বর্তমান ঠিকানা থেকে ফেরত আসায় সর্বশেষ ৩১ ডিসেম্বর ২০১১ তারিখে 'দৈনিক জনকণ্ঠ' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির মাধ্যমে তাঁকে ১০ জানুয়ারি ২০১২ তারিখের মধ্যে কর্মে যোগদানের নির্দেশ প্রদান করা সত্ত্বেও তিনি কর্মে যোগদান করেননি;

যেহেতু, কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মে অনুপস্থিতি এবং কর্তৃপক্ষের নির্দেশ বারংবার অমান্য করে কর্মে যোগদান না করায় 'প্রতিরক্ষা বাহিনীতে নিয়োজিত বেসামরিক কর্মচারী (শ্রেণী বিন্যাস, নিয়ন্ত্রণ ও আপীল) বিধিমালা, ১৯৬১'-এর ৭(২) অনুযায়ী তাঁকে অসদাচরণের অভিযোগে অভিযুক্ত করা হয় এবং একই বিধিমালার ৮(১)(জি) অনুযায়ী কেন তাঁকে চাকুরি থেকে অপসারণ করা হবে না, তা পত্র জারির ১৪ (চৌদ্দ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ দেয়া হয়;

যেহেতু, তিনি এ বিষয়ে জবাব প্রদান করে তাঁকে চাকুরি থেকে অপসারণ বা চাকুরিচ্যুত না করে অনুপস্থিতকাল-কে বিনা বেতনে ছুটি মঞ্জুর করতঃ সরকারি চাকুরি থেকে অব্যাহতি দেয়ার জন্য ইতঃপূর্বে ৯ অক্টোবর ২০১২ তারিখে তিনি আবেদন করেন এবং আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানির অনুরোধ জানান;

যেহেতু, তিনি এ বিষয়ে ব্যক্তিগত শুনানি প্রদান করেন এবং তাঁর নিজের শারীরিক অসুস্থতা ও পরে একইসঙ্গে যুগপৎভাবে তাঁর বাবার স্ট্রোক এবং মায়ের মানসিক অসুস্থতাজনিত কারণে তাঁদের চিকিৎসার জন্য অর্থ সংগ্রহসহ চিকিৎসা সংশ্লিষ্ট ব্যস্ততার কারণে কর্মস্থলে যোগদান করতে না পারায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখে তাঁর অনুপস্থিতিকাল বিনাবেতনে ছুটি হিসেবে গণ্য করে তাঁকে সরকারি চাকুরি থেকে স্বাভাবিক অব্যাহতি প্রদানের অনুরোধসহ ক্ষমা প্রার্থনা করেছেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে চাকুরিতে অনুপস্থিত ছিলেন এবং তাঁকে বারংবার চাকুরিতে যোগদান করতে বলা হলেও তিনি চাকুরিতে যোগদান করেননি;

সেহেতু, অভিযুক্ত জনাব আবুল ফারাহ মোহাম্মদ মোজাম্মেল হক, সিএসও-৩ (পরিচিতি নম্বর ১১৭)-এর ব্যক্তিগত ও পরিবারের সদস্যগণের অসুস্থতাজনিত সমস্যাটি মানবিক দৃষ্টিকোণ থেকে বিবেচনা করে কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে ছুটি ভোগের কারণে তাঁর অনুপস্থিতিকালকে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসাবে গণ্য করতঃ 'প্রতিরক্ষা বাহিনীতে নিয়োজিত বেসামরিক কর্মচারী (শ্রেণী-বিন্যাস, নিয়ন্ত্রণ ও আপীল) বিধিমালা, ১৯৬১'-এর ৮(১) অনুযায়ী লঘুদন্ডের আওতায় তাঁকে তিরস্কার করা হলো।

**নং প্রম/প্রপ্রকক/অভিযোগ/২০১৩/ডি-১৮/৯২**—যেহেতু, জনাব মোঃ আব্দুল্লাহ মিঞা, অতিরিক্ত পরিচালক (পরিচিতি নম্বর ০২৫) প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরে কর্মরত থাকাকালে সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা কর্তৃক গত ৮ জানুয়ারি ২০১২ থেকে ৪ (চার) সপ্তাহের ডাক্তারি ছুটির সুপারিশ করার বিষয়টি যথাযথ কর্তৃপক্ষকে অবহিতকরণ ব্যতিরেকে ছুটি ভোগ শুরু করেন;

যেহেতু, পরবর্তীতে তিনি ১৯ জানুয়ারি ২০১২ তারিখে সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা-তে ভর্তি হন এবং ২৭ জানুয়ারি ২০১২ থেকে ২ (দুই) সপ্তাহের ডাক্তরি ছুটির সুপারিশ করার বিষয়টিও যথাযথ কর্তৃপক্ষকে অবহিতকরণ ব্যতিরেকে ডাক্তারি ছুটি ভোগ করেন;

যেহেতু, তিনি পুনরায় ৭ ফেব্রুয়ারি ২০১২ তারিখে সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা-তে ভর্তি হন এবং ১৮ মার্চ ২০১২ তারিখে উক্ত হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার বিষয়টি কর্তৃপক্ষকে অবহিতকরণ ব্যতিরেকে একই তারিখে অর্থাৎ ১৮ মার্চ ২০১২ তারিখে ইসলামিয়া চক্ষু হাসপাতাল, ঢাকা-তে ভর্তি হন;

যেহেতু, তিনি ২০ মার্চ ২০১২ তারিখে ইসলামিয়া চক্ষু হাসপাতাল থেকে ছাড়া পেয়ে পরবর্তীতে ২৪ মার্চ ২০১২ তারিখে সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা-তে রিপোর্ট করলে উক্ত হাসপাতাল কর্তৃপক্ষ তাঁকে ভর্তি হওয়ার নির্দেশনা প্রদান বা কোন প্রকার ছুটির সুপারিশ না করা সত্ত্বেও তিনি ২১ মার্চ ২০১২ থেকে ১৬ এপ্রিল ২০১২ তারিখ পর্যন্ত কোন প্রকার ছুটি মঞ্জুরি ব্যতিরেকে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন; এবং

যেহেতু, জনাব মোঃ আব্দুল্লাহ মিঞা, অতিরিক্ত পরিচালক (পরিচিতি নম্বর ০২৫) প্রতিরক্ষা বাহিনীতে নিয়োজিত বেসামরিক কর্মচারী কর্মচারী (শ্রেণী বিন্যাস, নিয়ন্ত্রণ ও আপীল) বিধিমালা, ১৯৬১'-এর ৭(২) উপবিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগে অভিযুক্ত করা হয় এবং কেন তাঁকে একই বিধিমালার ৮(১) উপবিধি অনুযায়ী এক বা একাধিক লঘুদন্ড প্রদান করা হবে না তা এ বিধিমালার ৯(৩)(এ) উপবিধি ১৪ (চৌদ্দ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ দেয়া হয়;

যেহেতু, তিনি এ বিষয়ে জবাব প্রদান করে আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানি প্রদান করেন এবং তাঁর চোখের অপারেশনজনিত অসুস্থতার কারণে মানসিকভাবে বিপর্যস্ত থাকার কারণে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে ছুটি গ্রহণ করতে না পারায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ ক্ষমাসুন্দর দৃষ্টিতে নিয়ে তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার দায় থেকে অব্যাহতি প্রদানের ব্যক্তিগত শুনানিতে তিনি ক্ষমা প্রার্থনা করেছেন;

যেহেতু, চোখের সমস্যার জন্য পরপর দু'বার অপারেশনের কারণে তিনি চিন্তিত ও মানসিকভাবে বিপর্যপ্ত থাকায় তাঁর পক্ষে যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে ছুটি ভোগ করা সম্ভব হয়নি। এরূপক্ষেত্রে চিকিৎসার কার্যসহ চিকিৎসা-উত্তর ছুটি কাটানোর বিষয়ে যথাযথ প্রক্রিয়া অনুসরণের জন্য সহকর্মী কিংবা কর্তৃপক্ষ কর্তৃক মানবিক সহায়তা প্রদান করা হলে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর পক্ষে সরকারি নিয়ম-কানুন প্রতিপালন সহজ হত। এরপরও একথা বলা আবশ্যক যে, কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অভিযুক্ত কর্তৃক ছুটি ভোগের বিষয়টি সমর্থনযোগ্য নয়। তবুও উক্ত ঘটনা সংগঠনকালে অভিযুক্তের মানসিকভাবে বিপর্যপ্ততার বিষয়টি সার্বিক বিবেচনায় মানবিক দৃষ্টিকোণ থেকে ক্ষমাসুন্দর দৃষ্টিতে নিয়ে কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে তাঁর ভোগকৃত ছুটিকালকে গড় বেতনে অর্জিত ছুটি হিসাবে গণ্য করে তাঁর বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলার দায় থেকে তাঁকে অব্যাহতি দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোঃ আব্দুল্লাহ মিঞা, অতিরিক্ত পরিচালক (পরিচিতি নম্বর ০২৫)-কে কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে তাঁর ভোগকৃত ছুটিকালকে গড় বেতনে অর্জিত ছুটি হিসাবে গণ্য করে তাঁর বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলার দায় থেকে অব্যাহতি দেয়া হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খোন্দকার মোঃ আসাদুজ্জামান**
সচিব।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**

**প্রশাসন-২ অধিশাখা**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ০৬ মার্চ ২০১৪

**নং ২৫.০৪.০০০০.০১৪.০৬.০০৮.৯৫(অংশ)-৮৬**—হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট এর গভার্নিং কাউন্সিলের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউটের অধ্যাদেশ, ১৯৭৭ (১৯৭৭ সালের অধ্যাদেশ নং-৪৯) এর ৬নং ধারার ১নং উপ-ধারা

অনুযায়ী সরকার কর্তৃক নিম্নবর্ণিত কর্মকর্তা/ব্যক্তিবর্গের সমন্বয়ে হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউটের গভার্নিং কাউন্সিল পুন:গঠন করা হলো :

| | | | |
|---|---|---|---|
| (১) | মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | পদাধিকার বলে | চেয়ারম্যান |
| (২) | সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | -ঐ- | ভাইস-চেয়ারম্যান |
| (৩) | প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর | -ঐ- | সদস্য |
| (৪) | চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | -ঐ- | সদস্য |
| (৫) | প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর | -ঐ- | সদস্য |
| (৬) | পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর | -ঐ- | সদস্য |
| (৭) | জনাব মোঃ রফিকুল ইসলাম, যুগ্ম-প্রধান, ভৌত পরিকল্পনা, পরিকল্পনা কমিশন, ঢাকা। | পরিকল্পনা কমিশন এর প্রতিনিধি | সদস্য |
| (৮) | জনাব মোঃ জালাল উদ্দিন, যুগ্ম-সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়। | অর্থ মন্ত্রণালয়ের মনোনীত প্রতিনিধি | সদস্য |
| (৯) | অধ্যাপক ড. নাসরীন আহমাদ, চেয়ারপার্সন, ভূগোল ও পরিবেশ বিভাগ এবং ডীন, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সস অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়। | ঢাকা বিশ্ববিদ্যালয়ের মনোনীত প্রতিনিধি | সদস্য |
| (১০) | অধ্যাপক ড. রুখসানা হাফিজ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়। | বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের মনোনীত প্রতিনিধি | সদস্য |
| (১১) | অধ্যাপক ড. আব্দুল জব্বার খান, পুরকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়। | বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের মনোনীত প্রতিনিধি | সদস্য |
| (১২) | জনাব খাইরুল মজিদ মাহমুদ, পরিচালক, ডিসিসিআই এবং সমন্বয়কারী পরিচালক, ডিসিসিআই স্ট্যান্ডিং কমিটি অন হাউজিং রিয়েল এস্টেট এন্ড আরবান ডেভেলপমেন্ট ক্যাডওয়েল ডেভেলপমেন্ট লিমিটেড, ঢাকা। | ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর মনোনীত প্রতিনিধি | সদস্য |
| (১৩) | প্রকৌশলী মোঃ রেজাউল করিম, এফ-২০৯৯, প্রাক্তন ভাইস প্রেসিডেন্ট (একাডেমিক ও আন্তর্জাতিক) ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ। | ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ এর মনোনীত প্রতিনিধি | সদস্য |
| (১৪) | প্রকৌ: মাহবুবুর রহমান, পরিচালক, ডেভেলপমেন্ট ডিজাইন কনসালটেন্টস লিমিটেড, ঢাকা। | ডেভেলপমেন্ট ডিজাইন কনসালটেন্টস লিমিটেড এর মনোনীত প্রতিনিধি | সদস্য |
| (১৫) | প্রকৌশলী আফতাবউদ্দিন আহমেদ, ভাইস প্রেসিডেন্ট, বাংলাদেশ এসোসিয়েশন অব কনস্টাকশন ইন্ডাস্ট্রি (বিএসিআই) এবং ব্যবস্থাপনা পরিচালক, সামসুদ্দিন মিয়া এন্ড এসোসিয়েটস লিঃ ঢাকা। | বাংলাদেশ এসোসিয়েশন অব কনস্টাকশন ইন্ডাস্ট্রি (বিএসআই) এর মনোনীত প্রতিনিধি | সদস্য |
| (১৬) | প্রকৌ: সৈয়দ ইসার হোসেন, প্রিন্সিপ্যাল রিসার্চ ইঞ্জিনিয়ার, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট, ঢাকা। | হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউটের মনোনীত প্রতিনিধি | সদস্য |
| (১৭) | প্রকৌ: মোঃ আব্দুস সালাম, সিনিয়র রিসার্চ ইঞ্জিনিয়ার, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট, ঢাকা। | -ঐ- | সদস্য |
| (১৮) | পরিচালক, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট, ঢাকা। | পদাধিকারবলে | সদস্য-সচিব |

২। পুন:গঠিত গভার্নিং কাউন্সিলের কার্যকালের মেয়াদ দু'বছর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবিহা পারভীন**
উপ-সচিব।

---

**উন্নয়ন-৭ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ ফেব্রুয়ারি ২০১৪

**নং শাখা-৭/বিবিধ-২২/২০০৬/২৬৮**—গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন ধানমন্ডি আবাসিক এলাকা এবং তেজগাঁও শিল্প এলাকার জমি/প্লট, ফ্ল্যাট/এ্যাপার্টমেন্ট/ফ্লোর স্পেস ইত্যাদির হস্তান্তর ও নামজারী ফি নিম্নোক্তভাবে পুন:নির্ধারণ করা হলো :

**(ক) হস্তান্তর ফি :**

| ক্রমিক নং | এলাকার নাম | দোকান/ফ্লোর স্পেস | |
|---|---|---|---|
| | | বিদ্যমান (প্রতি বর্গফুট) | পুনঃনির্ধারিত (প্রতি বর্গফুট) |
| (১) | **ধানমন্ডি আবাসিক এলাকা ঃ**<br>(ক) অ-আবাসিক অনুমোদন প্রাপ্ত ফ্লোর স্পেস | ৮০ (আশি) টাকা | ২০০ (দুইশত) টাকা |
| (২) | **তেজগাঁও শিল্প এলাকা ঃ**<br>(ক) বাণিজ্যিক অনুমোদন প্রাপ্ত ফ্লোর স্পেস | .. | ২০০ (দুইশত) টাকা |

**(খ) নামজারী ফি ঃ**

| ক্রমিক নং | এলাকার নাম | জমি/ফ্ল্যাট/এ্যাপার্টমেন্ট/দোকান/ফ্লোর স্পেস | |
|---|---|---|---|
| | | বিদ্যমান | পুনঃনির্ধারিত |
| (১) | **ধানমন্ডি আবাসিক এলাকা ঃ**<br>(ক) আবাসিক জমি (৫ কাঠা পর্যন্ত) | ৫,০০০ (পাঁচ হাজার) টাকা | ৫,০০০ (পাঁচ হাজার) টাকা |
| | (খ) আবাসিক জমি (১০ কাঠা পর্যন্ত) | ৫,০০০ (পাঁচ হাজার) টাকা | ১০,০০০ (দশ হাজার) টাকা |
| | (গ) আবাসিক জমি (১৫ কাঠা পর্যন্ত) | ৫,০০০ (পাঁচ হাজার) টাকা | ১৫,০০০ (পনের হাজার) টাকা |
| | (ঘ) আবাসিক জমি (১৫ কাঠার উর্দ্ধে) | ৫,০০০ (পাঁচ হাজার) টাকা | ২০,০০০ (বিশ হাজার) টাকা |
| (২) | **ধানমন্ডি আবাসিক এলাকা ঃ**<br>(ক) আবাসিক ফ্ল্যাট/অ-আবাসিক অনুমোদনপ্রাপ্ত ফ্লোর স্পেস (১৫০০ বর্গফুট পর্যন্ত) | ৫,০০০ (পাঁচ হাজার) টাকা | ৭,০০০ (সাত হাজার) টাকা |
| | (খ) আবাসিক ফ্ল্যাট/অ-আবাসিক অনুমোদনপ্রাপ্ত ফ্লোর স্পেস (১৫০০ বর্গফুটের উর্দ্ধে) | ৫,০০০ (পাঁচ হাজার) টাকা | ১০,০০০ (দশ হাজার) টাকা |
| (৩) | **তেজগাঁও শিল্প এলাকার প্লট ঃ**<br>(ক) জমি (১০ কাঠা পর্যন্ত) | ৫,০০০ (পাঁচ হাজার) টাকা | ১০,০০০ (দশ হাজার) টাকা |
| | (খ) জমি (১৫ কাঠা পর্যন্ত) | ৫,০০০ (পাঁচ হাজার) টাকা | ১৫,০০০ (পনের হাজার) টাকা |
| | (গ) জমি (১৫ কাঠার উর্দ্ধে) | ৫,০০০ (পাঁচ হাজার) টাকা | ২০,০০০ (বিশ হাজার) টাকা |

২। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত এ সকল ফি সময়ে সময়ে পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন করা যাবে।

৩। পুনঃনির্ধারিত ফি প্রজ্ঞাপন জারীর তারিখ হতে কার্যকর হবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জে, আর, শাহরিয়ার**
উপসচিব।

---

**বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ**
**প্রশাসন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৫ ফাল্গুন ১৪২০/২৭ ফেব্রুয়ারি ২০১৪

**নং ২৮.০৫.০০০০.০১২.৩১.০০৮.১৪-১০২**—বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০০৪ (সংশোধিত) এর ১৪ ধারার ২ (ঝ) উপধারায় বর্ণিত ভূতত্ত্ব অধিদপ্তর হতে বেসরকারি আবাসিক প্রকল্পের ভূতাত্ত্বিক অবস্থান সম্পর্কিত ছাড়পত্র গ্রহণের ক্ষেত্রে অর্থ বিভাগের সম্মতিক্রমে নিম্নোক্ত হারে ছাড়পত্র প্রদান ফি এবং নবায়ন ফি নির্ধারণ করা হ'ল ঃ

| ক্রমিক নং | প্রকল্পের জমির পরিমাণ/বিবরণ | ভূতাত্ত্বিক অবস্থান সম্পর্কিত ছাড়পত্র প্রদান ফি (টাকা) | ছাড়পত্র নবায়ন ফি (টাকা) (প্রতি পাঁচ বছর অন্তর) |
|---|---|---|---|
| (১) | আবেদন ফি | ২০,০০০ টাকা | .. |
| (২) | ২০ একর পর্যন্ত | প্রতি একর বা এর ভগ্নাংশের জন্য ৫ (পাঁচ) হাজার টাকা হিসেবে প্রযোজ্য অর্থ | কলাম ৩ অনুসারে আদায়কৃত ফি-এর এক চতুর্থাংশ |
| (৩) | ২১–৩০ একর | ২,০০,০০০ টাকা | ৫০,০০০ টাকা |
| (৪) | ৩১–৮০ একর | ৪,০০,০০০ টাকা | ১,০০,০০০ টাকা |
| (৫) | ৮০ একর এর উর্দ্ধে | ৮,০০,০০০ টাকা | ২,০০,০০০ টাকা |

২। নতুন ছাড়পত্র ৫ (পাঁচ) বছরের জন্য প্রদান করা হবে। প্রতিটি নতুন প্রস্তাবের জন্য আলাদা আবেদন ফি প্রদান করতে হবে।

৩। ধার্যকৃত অর্থের সঙ্গে ভ্যাটসহ অন্যান্য কর প্রযোজ্য হবে।

৪। এ বাবদ আদায়কৃত রাজস্ব সংযুক্ত তহবিল/সরকারি কোষাগারে জমা দেয়ার হিসাব কোড ১-৪২৪৫-০০০০-১৮৭৬।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জনেন্দ্র নাথ সরকার**
উপসচিব।

## যোগাযোগ মন্ত্রণালয়
## সড়ক বিভাগ
## তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ১২ ফাল্গুন ১৪২০/২৪ ফেব্রুয়ারি ২০১৪

**নং ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৩.১৩-৩০**—জনাব মোঃ আলমগীর শহিদুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী (সিভিল), (পরিচিতি নম্বর-০০৫১০৪), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে ২৮-০৩-২০১১ তারিখের ২৪০ সংখ্যক প্রজ্ঞাপনমূলে কানাডার Thompson Rivers University-তে MBA কোর্সে অধ্যয়নের জন্য ১০-০৪-২০১১ তারিখ হতে অথবা ছুটি ভোগের তারিখ হতে ১০ মাস বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হয়। মঞ্জুরীকৃত উক্ত ছুটিতে গমণের লক্ষ্যে তিনি ১০-০৫-২০১১ তারিখ অপরাহ্ণে দায়িত্বভার পরিত্যাগ (Relinquish) করেন। উক্ত ছুটির মেয়াদ ১০-০৩-২০১২ তারিখ শেষ হওয়া সত্ত্বেও অদ্যাবধি তিনি কর্মস্থলে যোগদান না করে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু এ প্রেক্ষাপটে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২(ডি) মোতাবেক ডিজারশন এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগবিবরণী তাঁর নিকট প্রেরণ করা হলে তা প্রাপ্তি স্বীকার না হয়ে ফেরত আসে। সে প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(সি) মোতাবেক বিভাগীয় মামলার ধারাবাহিকতায় এ বিভাগের উপসচিব জনাব চন্দন কুমার দে-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্ত কর্মকর্তা গত ২৯-০৫-২০১৩ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ আলমগীর শহিদুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী (সিভিল), (পরিচিতি নম্বর-০০৫১০৪) এর বিরুদ্ধে আনীত ডিজারশন এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং তাঁর বিরুদ্ধে কেন উক্ত গুরুদণ্ড আরোপ করা হবে না, সে মর্মে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৬) মোতাবেক ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়;

যেহেতু দ্বিতীয় কারণ দর্শানো নোটিশও প্রাপ্তি স্বীকার না হয়ে ফেরত আসে। তদপ্রেক্ষিতে তাঁকে চাকুরী হতে বরখাস্ত করার সিদ্ধান্ত বহাল রেখে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের বিষয়ে Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর ৬ নম্বর রেগুলেশনের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর মতামত চাওয়া হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন জনাব মোঃ আলমগীর শহিদুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী (সিভিল), (পরিচিতি নম্বর-০০৫১০৪) কে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

যেহেতু এ প্রেক্ষিতে জনাব মোঃ আলমগীর শহিদুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী (সিভিল), (পরিচিতি নম্বর-০০৫১০৪), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার বিষয়টি মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু এক্ষণে জনাব মোঃ আলমগীর শহিদুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী (সিভিল), (পরিচিতি নম্বর-০০৫১০৪), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক গত ১০-০৩-২০১২ তারিখ থেকে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার গুরুদণ্ডে দণ্ডিত করা হল।

**নং ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৪.১৩-৩১**—জনাব মোঃ মনোয়ার সাদিক, উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল), (পরিচিতি নম্বর-০০৫০৪৭), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে গত ০৯-০৭-২০০৮ তারিখের সজস-১/৮পি-২৭/০৭-৫১০ সংখ্যক প্রজ্ঞাপনমূলে যুক্তরাজ্যের Birmingham University-তে Post Graduate Diploma in Road Management & Engineering সহ M.Sc. in Road Management & Engineering এ অধ্যয়নের জন্য ১৫-০৮-২০০৮ তারিখ হতে ০১ বছর ০৬ মাস অধগড় বেতনে অধ্যয়ন ছুটি শর্ত সাপেক্ষে মঞ্জুর করা হয়। পরবর্তীতে ১৮-০১-২০১১ তারিখের ৩৫.০২২.০১৫.০০.০০.০২৭.২০০৭-৪৬ সংখ্যক প্রজ্ঞাপনমূলে যুক্তরাজ্যের Liverpool John Moores University-তে Ph.D. Programme in Construction Material-এ অধ্যয়নের জন্য পূর্বের মঞ্জুরীকৃত ছুটির ধারাবাহিকতায় ১৬-০২-২০১০ তারিখ হতে ১৫-০৮-২০১০ তারিখ পর্যন্ত ০৬ মাস অর্ধগড় বেতনে অধ্যয়ন ছুটি এবং ১৬-০৮-২০১০ তারিখ হতে ১৫-০২-২০১২ তারিখ পর্যন্ত ০১ বছর ০৬ মাস বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হয়। মঞ্জুরীকৃত ছুটির মেয়াদ ১৫-০২-২০১২ তারিখ শেষ হওয়া সত্ত্বেও তিনি অদ্যাবধি কর্মস্থলে যোগদান না করে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু এ প্রেক্ষাপটে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২(ডি) মোতাবেক ডিজারশন এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগবিবরণী তাঁর নিকট প্রেরণ করা হলে তা প্রাপ্তি স্বীকার না হয়ে ফেরত আসে। সে প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(সি) মোতাবেক বিভাগীয় মামলার ধারাবাহিকতায় এ বিভাগের উপসচিব জনাব মোঃ আব্দুল হামিদ, উপসচিব (বর্তমানে যুগ্মসচিব)-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্ত কর্মকর্তা গত ২৭-০৫-২০১৩ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ মনোয়ার সাদিক, উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল), (পরিচিতি নম্বর-০০৫০৪৭) এর বিরুদ্ধে আনীত ডিজারশন এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং তাঁর বিরুদ্ধে কেন উক্ত গুরুদণ্ড আরোপ করা হবে না, সে মর্মে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৬) মোতাবেক ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়;

যেহেতু দ্বিতীয় কারণ দর্শানো নোটিশও প্রাপ্তি স্বীকার না হয়ে ফেরত আসে। তদপ্রেক্ষিতে তাঁকে চাকুরী হতে বরখাস্ত করার সিদ্ধান্ত বহাল রেখে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের বিষয়ে Bangladesh Public Service Commission (Consultation)

Regulations, 1979 এর ৬ নম্বর রেগুলেশনের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর মতামত চাওয়া হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন জনাব মোঃ মনোয়ার সাদিক, উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল), (পরিচিতি নম্বর-০০৫০৪৭), কে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

যেহেতু এ প্রেক্ষিতে জনাব মোঃ মনোয়ার সাদিক, উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল), (পরিচিতি নম্বর-০০৫০৪৭), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার বিষয়টি মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু এক্ষণে জনাব মোঃ মনোয়ার সাদিক, উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল), (পরিচিতি নম্বর-০০৫০৪৭), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক গত ১৫-০২-২০১২ তারিখ থেকে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার গুরুদণ্ডে দণ্ডিত করা হল।

তারিখ, ১৩ ফাল্গুন ১৪২০/২৫ ফেব্রুয়ারি ২০১৪

**নং ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০২.১৩-৩৩**—বেগম সানিয়া হক, উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল), (পরিচিতি নং-০০৫০০১), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে তাঁর স্বামীর যুক্তরাজ্যস্থ কর্মস্থলে অবস্থানের জন্য গত ১৬-০৪-২০০৮ তারিখের সজস-১/পি-১৫/২০০৮-৩০৬ সংখ্যক প্রজ্ঞাপনমূলে ২ (দুই) বছর বিনা বেতনে অসাধারণ ছুটি শর্ত সাপেক্ষে মঞ্জুর করা হয়। মঞ্জুরীকৃত ছুটির মেয়াদ ১৫-০৪-২০১০ তারিখ শেষ হয়েছে। কিন্তু অদ্যাবধি তিনি কর্মস্থলে যোগদান না করে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু এ প্রেক্ষাপটে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২(ডি) মোতাবেক ডিজারশন এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগবিবরণী ও অভিযোগনামা তাঁর নিকট প্রেরণ করা হলে তা প্রাপ্তি স্বীকার না হয়ে ফেরত আসে। সে প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(সি) মোতাবেক বিভাগীয় মামলার ধারাবাহিকতায় এ বিভাগের উপসচিব জনাব মোঃ দেলোয়ার হোসেন, উপসচিব-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্ত কর্মকর্তা গত ২২-০৫-২০১৩ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে বেগম সানিয়া হক, উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল), (পরিচিতি নম্বর-০০৫০০১) এর বিরুদ্ধে আনীত ডিজারশন এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং তাঁর বিরুদ্ধে কেন উক্ত গুরুদণ্ড আরোপ করা হবে না, সে মর্মে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৬) মোতাবেক ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়;

যেহেতু দ্বিতীয় কারণ দর্শানো নোটিশও প্রাপ্তি স্বীকার না হয়ে ফেরত আসে। তদপ্রেক্ষিতে তাঁকে চাকুরী হতে বরখাস্ত করার সিদ্ধান্ত বহাল রেখে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের বিষয়ে Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর ৬ নম্বর রেগুলেশনের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় এর মতামত চাওয়া হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় বেগম সানিয়া হক, উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল), (পরিচিতি নং-০০৫০০১)-কে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

যেহেতু এ প্রেক্ষিতে বেগম সানিয়া হক, উপ-বিভাগীয় (সিভিল), (পরিচিতি নং-০০৫০০১), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার বিষয়টি মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু এক্ষণে বেগম সানিয়া হক, উপ-বিভাগীয় (সিভিল), (পরিচিতি নং-০০৫০০১), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক গত ১৫-০৪-২০১০ তারিখ থেকে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার গুরুদণ্ডে দণ্ডিত করা হল।

তারিখ, ১৪ ফাল্গুন ১৪২০/২৬ ফেব্রুয়ারি ২০১৪

**নং ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৫.১২-৩৫**—জনাব এইচ, কে, মোহাম্মদ আলী চৌধুরী (পরিচিতি নম্বর-০০৫৪৩০), উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে "Senior Civil Engineer (Transportation)" under the Worlery International of Newzealand-এ গত ১২-০৭-১৯৯৮ তারিখের আরএইচই/২এম-৩২/৯৭-৪৭৬ সংখ্যক স্মারকমূলে ৩(তিন) বছর লিয়েন মঞ্জুর করা হয়। পরবর্তীতে গত ৩০-০৭-২০০১ তারিখের আরএইচই/২এম-৩২/৯৭-৩৫৩ সংখ্যক স্মারকমূলে পুনরায় ২ (দুই) বছর লিয়েন মঞ্জুর করা হয়। দুই দফায় মোট ৫ (পাঁচ) বছর লিয়েন মঞ্জুর করা হয়। উক্ত লিয়েন শেষে তিনি গত ০৩-০১-২০০৪ তারিখ অর্থাঃ ৫ মাস ৫ দিন পর কর্মস্থলে যোগদান করেন। গত ২০-০১-২০০৪ তারিখের ২৮ সংখ্যক প্রজ্ঞাপনমূলে তাঁর অতিরিক্ত ভোগকৃত ৫ (পাঁচ) মাস ৫ (পাঁচ) দিন ছুটি বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে ভূতাপেক্ষ অনুমোদন দেয়া হয়;

পরবর্তীতে তাঁর আবেদনের প্রেক্ষিতে ২০-০১-২০০৪ তারিখের আরএইচই/২এম-৩২/৯৭-২৯ সংখ্যক প্রজ্ঞাপমূলে যুক্তরাষ্ট্রের এনজেলস্ শহরের CAL-STATE UNIVERSITY L.A-তে Civil Engineering Masters (MIS) Program কোর্স সম্পন্নের নিমিত্ত ছুটি ভোগের তারিখ হতে শর্ত সাপেক্ষে ১ (এক) বছর শিক্ষা ছুটি মঞ্জুর করা হয়। উক্ত শিক্ষা ছুটি শেষ হওয়া সত্ত্বেও তিনি অদ্যাবধি কর্মস্থলে যোগদান না করে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু এ প্রেক্ষাপটে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২(ডি) মোতাবেক ডিজারশন এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগবিবরণী ও অভিযোগনামা তাঁর নিকট প্রেরণ করা

হলে তা প্রাপ্তি স্বীকার না হয়ে ফেরত আসে। সে প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(সি) মোতাবেক বিভাগীয় মামলার ধারাবাহিকতায় এ বিভাগের উপসচিব জনাব মোঃ আব্দুল হামিদ (বর্তমানে যুগ্মসচিব)-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্ত কর্মকর্তা গত ০৮-০৪-২০১৩ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে জনাব এইচ, কে, মোহাম্মদ আলী চৌধুরী (পরিচিতি নম্বর-০০৫৪৩০), উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল) এর বিরুদ্ধে আনীত ডিজারশন এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং তাঁর বিরুদ্ধে কেন উক্ত গুরুদণ্ড আরোপ করা হবে না, সে মর্মে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৬) মোতাবেক ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়;

যেহেতু দ্বিতীয় কারণ দর্শানো নোটিশও প্রাপ্তি স্বীকার না হয়ে ফেরত আসে। তদপ্রেক্ষিতে তাঁকে চাকুরী হতে বরখাস্ত করার সিদ্ধান্ত বহাল রেখে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের বিষয়ে Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর ৬ নম্বর রেগুলেশনের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর মতামত চাওয়া হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন জনাব এইচ, কে, মোহাম্মদ আলী চৌধুরী, উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল), (পরিচিতি নং-০০৫৪৩০)-কে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

যেহেতু এ প্রেক্ষিতে জনাব এইচ, কে, মোহাম্মদ আলী চৌধুরী (পরিচিতি নং-০০৫৪৩০), উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার বিষয়টি মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু এক্ষণে জনাব এইচ, কে, মোহাম্মদ আলী চৌধুরী (পরিচিতি নং-০০৫৪৩০), উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক গত ২৬-০১-২০০৫ তারিখ থেকে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার গুরুদণ্ডে দণ্ডিত করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এ, এন, ছিদ্দিক**
সচিব।

---

**ডিএফডিপি শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২০ ফাল্গুন ১৪২০/০৪ মার্চ ২০১৪

**নং ৩৫.০০.০০০০.০২৯.১৪.০০১.১১-৮৪**—যোগাযোগ মন্ত্রণালয়ের সড়ক বিভাগের অধীন BRT বাস্তবায়নের লক্ষ্যে এশীয় উন্নয়ন ব্যাংকের সহায়তায় বিআরটি লাইন-৩ এর উত্তর ও দক্ষিণ অংশের সমন্বয়ের লক্ষ্যে নিম্নোক্ত কারিগরি কমিটি গঠন করা হলো :

**চেয়ারম্যান**

(১) জনাব শফিকুল ইসলাম, যুগ্ম-সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) জনাব মোঃ আফিল উদ্দিন, প্রকল্প পরিচালক, জিডিএসইউটিপি (বিআরটি, এয়ারপোর্ট-গাজীপুর), সওজ

(৩) জনাব মোঃ লিয়াকত আলী, প্রকল্প পরিচালক, জিডিএসইউটিপি (বিআরটি, এয়ারপোর্ট-গাজীপুর), বিবিএ

(৪) জনাব এস. কে. আমজাদ হোসেন, প্রকল্প পরিচালক, জিডিএসইউটিপি (বিআরটি, এয়ারপোর্ট-গাজীপুর), এলজিইডি

(৫) জনাব নূর-ই-আলম, প্রকল্প ব্যবস্থাপক-১, জিডিএসইউটিপি (বিআরটি, এয়ারপোর্ট-গাজীপুর), সওজ

(৬) জনাব আসিফ ইকবাল মোঃ ফয়সাল, প্রকল্প ব্যবস্থাপক-২, জিডিএসইউটিপি (বিআরটি, এয়ারপোর্ট-গাজীপুর), সওজ

(৭) টীম লিডার, ওডিবিএম কনসালট্যান্ট, জিডিএসইউটিপি (বিআরটি, এয়ারপোর্ট-গাজীপুর)

(৮) টীম লিডার, ইপিসিএম কনসালট্যান্ট, জিডিএসইউটিপি, (বিআরটি, এয়ারপোর্ট-গাজীপুর), বাড়ি নং-৩৭৪, লেইন নং-৬, বারিধারা, ডিওএইচএস, মহাখালী, ঢাকা।

(৯) টীম লিডার, পিএমসিসিবি কনসালট্যান্ট, জিডিএসইউটিপি, (বিআরটি, এয়ারপোর্ট-গাজীপুর),

(১০) টীম লিডার, ডিজাইন কনসালট্যান্ট, বিআরটি, কেইস প্রজেক্ট, ডিটিসিএ

**সদস্য-সচিব**

(১১) জনাব শিশির কান্তি রাউৎ, সহকারী প্রকল্প সমন্বয়ক, পিএমইউ, জিডিএসইউটিপি, (বিআরটি, এয়ারপোর্ট-গাজীপুর),

**কমিটির কার্যপরিধি**

(১) বিআরটি লাইন-৩ এর গৃহীতব্য টেকনিক্যাল স্ট্যান্ডার্ড বিষয়ে সুপারিশ প্রদান;

(২) বিআরটি লাইন-৩ এর উত্তর ও দক্ষিণ অংশের সুষ্ঠু সমন্বয়ে সম্পর্কিত সুপারিশ প্রদান;

(৩) এ বিষয়ে অন্যকোন সুপারিশ প্রদান;

(৪) কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করবে।

২। কমিটি প্রয়োজনবোধে আরো এক বা একাধিক সদস্য কমিটিতে কো-অপ্ট করতে পারবে।

**নং ৩৫.০০.০০০০.০২৯.১৪.০০১.১১-৮৫**—যোগাযোগ মন্ত্রণালয়ের সড়ক বিভাগের অধীন BRT বাস্তবায়নের লক্ষ্যে এশীয় উন্নয়ন ব্যাংকের সহায়তায় বিআরটি সংশ্লিষ্ট আইনগত বিষয়াদি পর্যালোচনা

ও সুপারিশ প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে লিগ্যাল কমিটি গঠন করা হলো :

**চেয়ারম্যান**

(১) জনাব শফিকুল ইসলাম, যুগ্ম-সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, ঢাকা

**সদস্যবৃন্দ**

(২) জনাব মোঃ আফিল উদ্দিন, প্রকল্প পরিচালক, জিডিএসইউটিপি (বিআরটি, এয়ারপোর্ট-গাজীপুর), সওজ

(৩) জনাব মোঃ লিয়াকত আলী, প্রকল্প পরিচালক, জিডিএসইউটিপি (বিআরটি, এয়ারপোর্ট-গাজীপুর), বিবিএ

(৪) জনাব এস. কে. আমজাদ হোসেন, প্রকল্প পরিচালক, জিডিএসইউটিপি (বিআরটি, এয়ারপোর্ট-গাজীপুর), এলজিইডি

(৫) উপ-পরিচালক, বিআরটিএ, এলেনবাড়ি, ঢাকা।

(৬) জনাব শিশির কান্তি রাউৎ, সহকারী প্রকল্প সমন্বয়ক, পিএমইউ, জিডিএসইউটিপি (বিআরটি, এয়ারপোর্ট-গাজীপুর)

(৭) জনাব নূর-ই-আলম, প্রকল্প ব্যবস্থাপক-১, জিডিএসইউটিপি (বিআরটি, এয়ারপোর্ট-গাজীপুর), সওজ

(৮) টীম লিডার, ওডিবিএম, কনসালট্যান্ট, জিডিএস ইউটিপি, (বিআরটি, এয়ারপোর্ট-গাজীপুর)

(৯) টীম লিডার, পিএমসিসিবি কনসালট্যান্ট, জিডিএস ইউটিপি, (বিআরটি, এয়ারপোর্ট-গাজীপুর),

(১০) টীম লিডার, ডিজাইন কনসালট্যান্ট, বিআরটি, কেইস প্রজেক্ট, ডিটিসিএ

**সদস্য-সচিব**

(১১) জনাব আনিসুর রহমান, প্রকল্প পরিচালক, কেস প্রজেক্ট, ডিটিসিএ

**কমিটির কার্যপরিধি :**

(১) বিআরটি এ্যাক্ট এর খসড়া প্রণয়ন;

(২) বিআরটি প্রকল্প বাস্তবায়ন ও বিআরটি সিস্টেম পরিচালনা সম্পর্কিত বিধিগত বিষয়াদি পর্যালোচনা-পূর্বক সুপারিশ প্রদান;

(৩) এবিষয়ে অন্যকোন সুপারিশ প্রদান;

(৪) কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করবে।

২। কমিটি প্রয়োজনবোধে আরো এক বা একাধিক সদস্য কমিটিতে কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মতিউল ইসলাম চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

**সওজ গেজেটেড সংস্থাপন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০২ মার্চ ২০১৪

**নং ৩৫.০২২.০২৫.০০.০০.০০৮.২০০৯-১২৬**—সড়ক ও জনপথ অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোর Bridge Management Wingএর অধীনস্থ নিম্নবর্ণিত দপ্তরকে জনবলসহ নতুন নামকরণে সরকারি সম্মতি জ্ঞাপন করা হল :

| বর্তমান নাম (জনবলসহ) | প্রস্তাবিত নাম (জনবলসহ) |
|---|---|
| Bridge Inspection and Planning Division | Bridge Maintenance Management System (BMMS) Division |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারী করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহ আলম মুকুল**
সিনিয়র সহকারী সচিব।

**শিল্প মন্ত্রণালয়**
**প্রশাসন (সংস্থাপন) অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৯ ফেব্রুয়ারি ২০১৪

**নং ৩৬.০৪৬.০২৩.০০.০০.০০২.২০১০-৮৪**—জাতীয় অর্থনীতিতে শিল্প খাতের অবদানের স্বীকৃতি প্রদান, প্রণোদনা সৃষ্টি এবং সৃজনশীলতাকে উৎসাহিত করার উদ্দেশ্যে, প্রতিবছর শিল্প মন্ত্রণালয় কর্তৃক রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার প্রদান করার লক্ষ্যে **"রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার প্রদান সংক্রান্ত নির্দেশাবলী ২০১৩"** প্রণীত হয়েছে। উক্ত নির্দেশাবলীর ৫.১ অনুচ্ছেদের আলোকে একটি আবেদন মূল্যায়ন কমিটি নিম্নরূপভাবে গঠন করা হলো :

**আবেদন মূল্যায়ন কমিটি গঠন :**

**আহ্বায়ক**

অতিরিক্ত সচিব, শিল্প মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

যুগ্মসচিব (স্বস)/অতিরিক্ত সচিব (স্বস), শিল্প মন্ত্রণালয়

যুগ্মসচিব, অর্থ বিভাগ

যুগ্মসচিব, বাণিজ্য মন্ত্রণালয়

যুগ্মসচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

যুগ্মসচিব, আইন ও বিচার বিভাগ

জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি (চেয়ারম্যান কর্তৃক মনোনীত)

বিনিয়োগ বোর্ডের প্রতিনিধি (নির্বাহী চেয়ারম্যান কর্তৃক মনোনীত)

পরিচালক, বিসিআইসি (চেয়ারম্যান কর্তৃক মনোনীত)

পরিচালক, পরিবেশ অধিদপ্তর (মহাপরিচালক কর্তৃক মনোনীত)

বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি (জি এম পর্যায়ের)

অধ্যাপক, অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় (বিভাগীয় চেয়ারম্যান কর্তৃক মনোনীত)

পরিচালক, এফবিসিসিআই (সভাপতি কর্তৃক মনোনীত)

পরিচালক, বিআইডিএস (মহাপরিচালক কর্তৃক মনোনীত)

পরিচালক, বিসিআই (চেয়ারম্যান কর্তৃক মনোনীত)

**সদস্য-সচিব**

যুগ্মসচিব/উপসচিব, শিল্প মন্ত্রণালয়

**কমিটির কার্যপরিধি ঃ**

(১) প্রাপ্ত আবেদন মূল্যায়ন করে প্রতিবছর আগস্ট-সেপ্টেম্বর মাসে তালিকা প্রণয়ন;

(২) পুরস্কারের জন্য প্রাপ্ত আবেদন সমূহের তথ্যাদি যাচাই করার জন্য জাতীয় রাজস্ব বোর্ড, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক এবং পানি, বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন ও স্থানীয় সরকার কর্তৃপক্ষ হতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ এবং প্রার্থীগণের আবেদন যাচাই ও মূল্যায়ন করে পুরস্কারের শ্রেণিভিত্তিক প্রাথমিক তালিকা প্রণয়ন করে অনুমোদনের জন্য মনোনয়ন চূড়ান্তকরণ কমিটির নিকট সুপারিশ পেশকরণ।

**নং ৩৬.০৪৬.০২৩.০০.০০.০০২.২০১০-৮৫**—জাতীয় অর্থনীতিতে শিল্প খাতের অবদানের স্বীকৃতি প্রদান, প্রণোদনা সৃষ্টি এবং সৃজনশীলতাকে উৎসাহিত করার উদ্দেশ্যে প্রতিবছর শিল্প মন্ত্রণালয় কর্তৃক রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার প্রদান করার লক্ষ্যে প্রণীত **"রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার প্রদান সংক্রান্ত নির্দেশাবলী, ২০১৩"** এর অনুচ্ছেদ ৫.২ অনুযায়ী মনোনয়ন চূড়ান্তকরণ কমিটি নিম্নরূপভাবে গঠন করা হলো :

**মনোনয়ন চূড়ান্তকরণ কমিটি ঃ—**

**আহ্বায়ক**

মাননীয় মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

মাননীয় প্রতিমন্ত্রী, শিল্প মন্ত্রণালয়

সচিব, শিল্প মন্ত্রণালয়

সচিব, অর্থ বিভাগ

সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

সচিব, আইন ও বিচার বিভাগ

সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

গভর্নর, বাংলাদেশ ব্যাংক

চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড

সভাপতি, এফবিসিসিআই

সভাপতি, বিসিআই

**সদস্য-সচিব**

অতিরিক্ত সচিব, শিল্প মন্ত্রণালয়

**নং ৩৬.০৪৬.০২৩.০০.০০.০০২.২০১০-৮৬**—জাতীয় অর্থনীতিতে শিল্প খাতের অবদানের স্বীকৃতি প্রদান, প্রণোদনা সৃষ্টি এবং সৃজনশীলতাকে উৎসাহিত করার উদ্দেশ্যে, প্রতিবছর শিল্প মন্ত্রণালয় কর্তৃক রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার প্রদান করার লক্ষ্যে **"রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার প্রদান সংক্রান্ত নির্দেশাবলী, ২০১৩"** প্রণীত হয়েছে। উক্ত নির্দেশাবলীর ৪ অনুচ্ছেদের আলোকে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই ও প্রাথমিক মূল্যায়ন করার জন্য নিম্নরূপভাবে কমিটি গঠন করা হলো :

**আহ্বায়ক**

(১) জনাব মোঃ মনজুর আলম ভূঁঞা, যুগ্মসচিব (বিসিক), শিল্প মন্ত্রণালয়, ঢাকা

**সদস্যবৃন্দ**

(২) যুগ্মসচিব (নীতি), শিল্প মন্ত্রণালয়, ঢাকা

(৩) বিএসটিআই এর পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি

(৪) জাতীয় রাজস্ব বোর্ডের একজন প্রতিনিধি

(৫) পরিবেশ অধিদপ্তরের একজন প্রতিনিধি

(৬) বাংলাদেশ ব্যাংকের একজন প্রতিনিধি

(৭) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি

(৮) পেটেন্ট, ডিজাইন ও ট্রেড মার্কস অধিদপ্তর এর একজন প্রতিনিধি।

(৯) এফবিসিসিআই এর একজন প্রতিনিধি

(১০) বিসিআই এর একজন প্রতিনিধি

(১১) বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ডের একজন প্রতিনিধি

(১২) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি।

**সদস্য-সচিব**

(১২) উপসচিব, প্রশাসন (কর্মচারী ও সংস্থাপন) অধিশাখা, শিল্প মন্ত্রণালয়।

**কমিটির কার্যপরিধি ঃ**

(১) কমিটি রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার প্রদান সংক্রান্ত নির্দেশাবলী, ২০১৩ এর ৪নং অনুচ্ছেদে বর্ণিত মানদণ্ডের একটি স্কেল প্রস্তুত করবে;

(২) প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইপূর্বক মানদণ্ডের স্কেলে আবেদনসমূহ মূল্যায়ন করে পুরস্কারের শ্রেণিভিত্তিক প্রাথমিক তালিকা প্রণয়ন করে আবেদন মূল্যায়ন কমিটির নিকট পেশ করবে।

তারিখ, ২৪ ফেব্রুয়ারি ২০১৪

**নং ৩৬.০৪৬.০১১.০২.০০.০০৪.২০০৭-৯৫**—বাংলাদেশ এ্যাক্রেডিটেশন আইন, ২০০৬ এর ৬ (২) ধারা মোতাবেক বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ডের চেয়ারম্যান পদে প্রফেসর আলতাফ হোসেন, রসায়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-কে নিয়োগ করা হলো।

২। নিয়োগের শর্তাবলী বাংলাদেশ এ্যাক্রেডিটেশন আইন, ২০০৬ অনুযায়ী নির্ধারিত হবে।

৩। এ নিয়োগের মেয়াদকাল হবে নিয়োগের তারিখ থেকে ৩ (তিন) বছর।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুছ ছবুর চৌধুরী**
উপসচিব।

**নীতি অনুবিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৮ ফাল্গুন ১৪২০/২০ ফেব্রুয়ারি ২০১৪

**নং ৩৬.০০.০০০০.০৬০.২২.০০১.১৩-১৬**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এ মর্মে সংবাদপত্রকে 'সেবা শিল্প' হিসেবে ঘোষণা করছে। এক্ষেত্রে সরকারের সংশ্লিষ্ট যাবতীয় আইন, বিধি ও নীতিমালা অপরিবর্তিত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ইয়াসমিন সুলতানা**
যুগ্মসচিব।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৩ ফাল্গুন ১৪২০/২৫ ফেব্রুয়ারি ২০১৪

**নং প্রাগম/তওশৃং/বিমা-২১/২০১৩/৩৩৫**—যেহেতু, জনাব মোঃ আব্দুস সাত্তার সরকার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চাঁপাইনবাবগঞ্জ (প্রাক্তন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নওগাঁ)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) উপ-বিধি মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীর প্রদত্ত বক্তব্য এবং প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে এবং সার্বিক বিবেচনায় তাকে লঘুদণ্ড প্রদান করা সমীচীন মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব মোঃ আব্দুস সাত্তার সরকার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চাঁপাইনবাবগঞ্জ (প্রাক্তন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নওগাঁ)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) উপ-বিধি মোতাবেক তার একটি বার্ষিক বেতনবৃদ্ধি ১(এক) বছরের জন্য স্থগিত করা হ'ল। স্থগিতকৃত বেতনবৃদ্ধির বকেয়া ভবিষ্যতে কখনই তিনি প্রাপ্য হবেন না।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী আখতার হোসেন**
সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**পুলিশ শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৪ মার্চ ২০১৪

**নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০০৩.১২-১৫৮**—যেহেতু, জনাব মোহাম্মদ আবুল কালাম আজাদ, সিনিয়র সহকারী পুলিশ সুপার, সাবেক স্টাফ অফিসার টু-ডিআইজি, বরিশাল (বর্তমানে সাময়িকভাবে বরখাস্ত এবং সিলেট রেঞ্জ ডিআইজি কার্যালয়ে সংযুক্ত) এর বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল নং-৪, ঢাকা এর মামলা নং-১১৮/১২-তে বিজ্ঞ আদালত গত ১৯-০২-২০১৩ তারিখে তার জামিন বাতিল করে তাকে জেল হাজতে প্রেরণ করায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ২৭-০৩-২০১৩ তারিখের ৪৪.০০.০০০০.০৯৪.০২.০০৭.১২-৩৭৬ নম্বর প্রজ্ঞাপনমূলে তাকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়; এবং

২। যেহেতু, জনাব আবুল কালাম আজাদ, সিনিয়র সহকারী পুলিশ সুপার, সাবেক স্টাফ অফিসার টু ডিআইজি বরিশাল রেঞ্জ (বর্তমানে সাময়িক বরখাস্ত এবং রেঞ্জ ডিআইজি অফিস, সিলেট কার্যালয়ে সংযুক্ত) এর তালাকপ্রাপ্ত স্ত্রী আনোয়ার-ই-তাসলিমা কর্তৃক বিজ্ঞ আদালতে রুজুকৃত সকল মামলা হতে অব্যাহতি পাওয়ায় তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা সমীচীন মর্মে প্রতীয়মান।

৩। এমতাবস্থায়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের গত ২৭-০৩-২০১৩ তারিখের ৪৪.০০.০০০০.০৯৪.০২.০০৭.১২-৩৭৬ নম্বর প্রজ্ঞাপন মূলে তাকে সাময়িকভাবে বরখাস্ত আদেশটি এতদ্বারা প্রত্যাহার করা হল। তার সাময়িক বরখাস্তকাল কর্তব্যকাল হিসেবে গণ্য হবে।

৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সি কিউ কে মুসতাক আহমদ**
সিনিয়র সচিব।

---

**আদেশ**

তারিখ, ৪ মার্চ ২০১৪

**নং স্বম (পু-১)/শৃঙ্খলা-১১/২০০৩-১৬০**—যেহেতু, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ এর সাবেক সিনিয়র সহকারী পুলিশ কমিশনার (ডিবি) জনাব গাজী জসীম উদ্দিন, বর্তমানে পুলিশ সুপার, সাময়িক বরখাস্ত এবং পুলিশ হেডকোয়ার্টার্সে সংযুক্ত এর বিরুদ্ধে (১) তৎকালীন চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক (সাবেক প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী) জনাব আফসারুল আমীন এর ড্রইংরুমে বিনানুমতিতে ও মামলা ব্যতীত প্রবেশ করে ভিডিও চিত্র ধারণ, বাসা তল্লাশি ও ভাংচুর, (২) জনাব আফসারুল আমীন ঢাকা থেকে চট্টগ্রামের রেলওয়ে স্টেশনে আগমন করলে উল্লিখিত কর্মকর্তা কর্তৃক উদ্দেশ্যমূলকভাবে তাঁকে ও অন্যান্য কর্মীদের ব্যাপকভাবে লাঠিচার্জ, (৩) পুলিশের গুলিতে নিহত দুই শ্রমিকের নামাজে জানাযা পড়ার কাজে বাধা প্রদান এবং (৪) চট্টগ্রাম মহানগর ছাত্রলীগের নেতা জনাব আলমগীর তালুকদার প্রকাশ আলমকে নিজ হাতে দুই পায়ের উরুতে গুলি করে চিরতরে পঙ্গু করে দেয়ার অভিযোগে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ) ও ৩(বি) বিধির আওতায় অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ২৩-০২-২০১১ তারিখের স্বম (পু-১)/শৃঙ্খলা-১১/ ২০০৩/১৭৭ নম্বর স্মারকমূলে কারণ দর্শাতে বলা হয়; এবং

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব গাজী জসীম উদ্দিন এর কৈফিয়ত তলবের জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলাটি তদন্তের জন্য এ মন্ত্রণালয়ের ১৬-০৬-১১ তারিখের স্বম(পু-১)/শৃঙ্খলা-১১/২০০৩/৫০০ নম্বর স্মারকে সিআইডি'র অতিরিক্ত ডিআইজি জনাব মোঃ ইকবাল বাহার, পিপিএম-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের মধ্যে ২ ও ৩ নং

অভিযোগ আংশিকভাবে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করে তদন্তকারী কর্মকর্তা ২৬-০২-২০১২ তারিখে এ মন্ত্রণালয়ে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনা ও পরীক্ষা করে অভিযুক্ত কর্মকর্তা বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের মধ্যে ২ ও ৩ নং অভিযোগ আংশিকভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ) ও ৩(বি) বিধির অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক চাকুরি হতে বরখাস্তকরণের (Dismissal from service) প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব গাজী জসীম উদ্দিন-কে গত ২৮-০৩-২০১২ তারিখের স্বম (পু-১)/শৃঙ্খলা-১১/২০০৩/২৬০ নম্বর স্মারকে বিধি মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। তিনি দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন এবং আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান ও সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহরপূর্বক চাকুরিতে পুনর্বহালের জন্য আবেদন করেন। অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগের তদন্ত প্রতিবেদন, সাক্ষীদের জবানবন্দী, কারণ দর্শানোর নোটিশের জবাবে অভিযুক্তের বক্তব্য বিবেচনাক্রমে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের আদেশ পরিবর্তনপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(এ) বিধি মোতাবেক নিম্নপদে নামিয়ে দেয়ার (পুলিশ সুপার হতে অতিরিক্ত পুলিশ সুপার পদে) সিদ্ধান্ত গ্রহণ করা হয়; এবং

৪। যেহেতু, আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন বিবেচনা করে প্রস্তাবিত দণ্ড প্রদানের ব্যাপারে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(৭) বিধি অনুযায়ী সরকারী কর্ম কমিশনের পরামর্শ গ্রহণ করা হয়; এবং

৫। যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের মধ্যে ২ ও ৩ নং অভিযোগ আংশিকভাবে প্রমাণিত হওয়ার পরিপ্রেক্ষিতে এ মন্ত্রণালয়ের প্রস্তাব অনুযায়ী ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(এ) বিধির অধীনে দোষী সাবাস্ত করে তাঁকে বর্তমান পদ হতে নিম্নপদে (পুলিশ সুপার হতে অতিরিক্ত পুলিশ সুপার পদে) নামিয়ে দেওয়ার দণ্ড প্রদানের জন্য সুপারিশ করে; এবং

৬। যেহেতু, উক্ত সুপারিশ মহামান্য রাষ্ট্রপতি অনুমোদন করেছেন;

৭। যেহেতু, এক্ষণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(এ) বিধি অনুযায়ী জনাব গাজী জসীম উদ্দিন, সাবেক সিনিয়র সহকারী পুলিশ কমিশনার (ডিবি), চট্টগ্রাম, বর্তমানে পুলিশ সুপার, সাময়িক বরখাস্ত, পুলিশ হেডকোয়ার্টার্সে সংযুক্ত-কে ০৫-০২-২০১৪ হতে ০১ (এক) বছরের জন্য বর্তমান পদ হতে নিম্নপদে (পুলিশ সুপার হতে অতিরিক্ত পুলিশ সুপার পদে) নামিয়ে দেওয়ার আদেশ প্রদান করা হল।

৮। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের গত ২৩-২-২০১১ তারিখের স্বম (পু-১)/শৃঙ্খলা-১১/২০০৩-১৭৬ নম্বর প্রজ্ঞাপনমূলে তাঁকে সাময়িকভাবে বরখাস্তকরণ সম্পর্কিত আদেশটি এতদ্বারা প্রত্যাহার করা হল। তাঁর সাময়িক বরখাস্তকাল কর্তব্যকাল হিসেবে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সি কিউ কে মুসতাক আহমদ**
সিনিয়র সচিব।

---

**পুলিশ শাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩ মার্চ ২০১৪

**নং ৪৪.০০.০০০০.০৯৫.১৮.০০১.১৩-১১০**—২০১৩ সালের জন্য পুলিশ বাহিনীর সদস্যগণের অসীম সাহসিকতা ও বীরত্বপূর্ণ কাজের স্বীকৃতিস্বরূপ নিম্নবর্ণিত ১৬ (ষোল) জনকে "বাংলাদেশ পুলিশ পদক (বিপিএম)", ২৯ (উনত্রিশ) জনকে "রাষ্ট্রপতির পুলিশ পদক (পিপিএম)" এবং গুরুত্বপূর্ণ মামলার রহস্য উদঘাটন, অপরাধ নিয়ন্ত্রণ, দক্ষতা, কর্তব্যনিষ্ঠা, সততা ও শৃঙ্খলামূলক আচরণের মাধ্যমে প্রশংসনীয় অবদানের জন্য ২০ (বিশ) জনকে "বাংলাদেশ পুলিশ পদক (বিপিএম)-সেবা" এবং ৪০ (চল্লিশ) জনকে "রাষ্ট্রপতির পুলিশ পদক (পিপিএম)-সেবা" প্রদান করা হল ঃ

**(ক) "বাংলাদেশ পুলিশ পদক (বিপিএম)"**

| ক্রমিক নং | নাম, পদবী ও কর্মস্থল | সুপারিশকৃত পদক |
|---|---|---|
| (১) | মৃত এসআই(সঃ)/৮৫১৩ মোঃ শাহজাহান, পিওএম দক্ষিণ বিভাগ, ডিএমপি, ঢাকা। | বিপিএম (মরণোত্তর) |
| (২) | মৃত এসআই/মোঃ শরিফুল ইসলাম, গোয়েন্দা ও অপরাধতথ্য বিভাগ, ডিএমপি, ঢাকা। | বিপিএম (মরণোত্তর) |
| (৩) | মৃত নায়েক/১৫৫ ফিরোজ খান, গোপালগঞ্জ। | বিপিএম (মরণোত্তর) |
| (৪) | মৃত কং/১৩৯৬৬ মোঃ ফেরদৌস খলিল, ট্রাফিক দক্ষিণ বিভাগ, ডিএমপি, ঢাকা। | বিপিএম (মরণোত্তর) |
| (৫) | মৃত কনস্টেবল/১২০ জাকারিয়া, গোপালগঞ্জ। | বিপিএম (মরণোত্তর) |
| (৬) | মৃত কং/১৯৪২ সিদ্ধার্থ চন্দ্র সরকার, আরএমপি, রাজশাহী। | বিপিএম (মরণোত্তর) |
| (৭) | মৃত কনস্টেবল/২০৩৩ আবু তারেক, চট্টগ্রাম জেলা। | বিপিএম (মরণোত্তর) |
| (৮) | মৃত কং/৭৮৯ কাজী জহুরুল হক, মনিরামপুর থানা, যশোর জেলা। | বিপিএম (মরণোত্তর) |
| (৯) | মৃত কনস্টেবল/১০৪২ জিএম ওমর ফারুক, হরিণাকুন্ডু থানা, ঝিনাইদহ। | বিপিএম (মরণোত্তর) |
| (১০) | মৃত কনস্টেবল/৮৩২ মফিজুর রহমান, খুলনা জেলা। | বিপিএম (মরণোত্তর) |

| ক্রমিক নং | নাম, পদবী ও কর্মস্থল | সুপারিশকৃত পদক |
|---|---|---|
| (১১) | মৃত কনস্টেবল/৯১৭ মোজাহার আলী, সাবেক পীরগাছা থানা, রংপুর। | বিপিএম (মরণোত্তর) |
| (১২) | মৃত কনস্টেবল/৪২৮ আজিজুর রহমান, আরআরএফ, রংপুর। | বিপিএম (মরণোত্তর) |
| (১৩) | মৃত কং/৫৩৭ মোঃ বাবলু মিয়া, বামনডাঙ্গা পুলিশ তদন্ত কেন্দ্র, গাইবান্ধা। | বিপিএম (মরণোত্তর) |
| (১৪) | মৃত কং/৪৮৮ মোঃ তোজাম্মেল হোসেন, বামনডাঙ্গা পুলিশ তদন্ত কেন্দ্র, গাইবান্ধা। | বিপিএম (মরণোত্তর) |
| (১৫) | মৃত কং/৪৯২ মোঃ হজরত আলী, বামনডাঙ্গা পুলিশ তদন্ত কেন্দ্র, গাইবান্ধা। | বিপিএম (মরণোত্তর) |
| (১৬) | মৃত কং/১৫৮ খাজা নাজিম উদ্দিন আকন্দ, বোনারপাড়া রেলওয়ে থানা, সৈয়দপুর রেলওয়ে জেলা। | বিপিএম (মরণোত্তর) |

**(খ) "বাংলাদেশ পুলিশ পদক (বিপিএম)-সেবা"**

| | | |
|---|---|---|
| (১) | জনাব মোঃ মোখলেছুর রহমান, বিপিএম-সেবা, অতিঃ আইজিপি, মহাপরিচালক, র‍্যাব। | বিপিএম-সেবা |
| (২) | জনাব বেনজীর আহমেদ, বিপিএম (বার), পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা। | বিপিএম-সেবা |
| (৩) | জনাব মোঃ আছাদুজ্জামান মিয়া, পিপিএম, ডিআইজি, বাংলাদেশ পুলিশ হাইওয়ে রেঞ্জ, ঢাকা। | বিপিএম-সেবা |
| (৪) | জনাব মোহাঃ আব্দুল জলিল মন্ডল, অতিরিক্ত পুলিশ কমিশনার (লজিস্টিকস, ফিন্যান্স এন্ড প্রকিউরমেন্ট), ডিএমপি, ঢাকা। | বিপিএম-সেবা |
| (৫) | জনাব শেখ মুহাম্মদ মারুফ হাসান, অতিরিক্ত পুলিশ কমিশনার, ডিবি এন্ড প্রসিকিউশন বিভাগ, ডিএমপি, ঢাকা। | বিপিএম-সেবা |
| (৬) | জনাব এস এম মনির-উজ-জামান, রেঞ্জ ডিআইজি, বাংলাদেশ পুলিশ, খুলনা, সাবেক পুলিশ কমিশনার, আরএমপি, রাজশাহী। | বিপিএম-সেবা |
| (৭) | বিএ-৪০৬০ লেঃ কর্ণেল (বর্তমানে কর্ণেল) জিয়াউল আহসান, বিপিএম, পিপিএম, অতিরিক্ত মহাপরিচালক (অপারেশনস্), র‍্যাব ফোর্সেস সদর দপ্তর। | বিপিএম-সেবা |
| (৮) | জনাব মাহবুব হোসেন, পিপিএম, এ্যাডিশনাল ডিআইজি, স্পেশাল ব্রাঞ্চ, ঢাকা। | বিপিএম-সেবা |
| (৯) | জনাব মল্লিক ফখরুল ইসলাম, অতিরিক্ত ডিআইজি, অধিনায়ক, র‍্যাব-৩, টিকাটুলি, ঢাকা। | বিপিএম-সেবা |
| (১০) | জনাব জামিল আহমদ, অতিরিক্ত ডিআইজি, অধিনায়ক, র‍্যাব-১২, সিরাজগঞ্জ। | বিপিএম-সেবা |
| (১১) | বিএ-৪১৬১ লেঃ কর্ণেল মোঃ রিয়াজুর রহমান, পিএসসি, পরিচালক (অপারেশনস্), র‍্যাব ফোর্সেস সদর দপ্তর, ঢাকা। | বিপিএম-সেবা |
| (১২) | বিডি-৮৪৩৯ উইং কমান্ডার মোঃ মোফাজ্জল হোসাইন, পরিচালক (প্রশাসন ও অর্থ), র‍্যাব ফোর্সেস সদর দপ্তর, ঢাকা। | বিপিএম-সেবা |
| (১৩) | জনাব মোঃ আনোয়ার হোসেন, পিপিএম (বার), উপ-পুলিশ কমিশনার (সদর দপ্তর ও প্রশাসন), ডিএমপি, ঢাকা। | বিপিএম-সেবা |
| (১৪) | জনাব মহাঃ আশরাফুজ্জামান, উপ-পুলিশ কমিশনার (মতিঝিল বিভাগ), ডিএমপি, ঢাকা। | বিপিএম-সেবা |
| (১৫) | জনাব মোঃ মজিদ আলী, পুলিশ সুপার, ঝালকাঠি জেলা। | বিপিএম-সেবা |
| (১৬) | জনাব মোঃ আনিসুর রহমান, পিপিএম-সেবা, পুলিশ সুপার, নোয়াখালী। | বিপিএম-সেবা |
| (১৭) | জনাব সৈয়দ নুরুল ইসলাম, পিপিএম, পুলিশ সুপার, নারায়ণগঞ্জ। | বিপিএম-সেবা |
| (১৮) | জনাব ফরিদা ইয়াসমিন, বিশেষ পুলিশ সুপার (প্ররক্ষা), স্পেশাল ব্রাঞ্চ, ঢাকা। | বিপিএম-সেবা |
| (১৯) | জনাব এস এম মেহেদী হাসান, পিপিএম, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ওয়ারী), ডিএমপি, ঢাকা। | বিপিএম-সেবা |
| (২০) | জনাব মশিউর রহমান, পিপিএম, সাবেক অতিঃ উপ পুলিশ কমিশনার গোয়েন্দা ও অপরাধতথ্য বিভাগ, বর্তমান অতিঃ উপ-পুলিশ কমিশনার (সচিবালয়-নিরাপত্তা) প্রটেকশন ও প্রটোকল বিভাগ, ডিএমপি, ঢাকা। | বিপিএম-সেবা |

**(গ) "রাষ্ট্রপতির পুলিশ পদক (পিপিএম)"**

| ক্রমিক নং | নাম, পদবী ও কর্মস্থল | সুপারিশকৃত পদক |
|---|---|---|
| (১) | জনাব মোঃ সাইফুর রহমান, সিনিঃ সহকারী পুলিশ কমিশনার, মতিঝিল জোন অফিস, ডিএমপি, ঢাকা। | পিপিএম |
| (২) | বিজেও-১৩৬০৬ সিনিয়র ওয়ারেন্ট অফিসার (ডিএমটি) মোঃ রিপন মিয়া, উপ-সহকারী পরিচালক, ইন্টেলিজেন্স উইং, র‍্যাব ফোর্সেস সদর দপ্তর। | পিপিএম |

| ক্রমিক নং | নাম, পদবী ও কর্মস্থল | সুপারিশকৃত পদক |
|---|---|---|
| (৩) | জনাব মোঃ সিরাজুল ইসলাম, পিপিএম, পুলিশ পরিদর্শক, অফিসার ইনচার্জ (শাহবাগ থানা), ডিএমপি, ঢাকা। | পিপিএম |
| (৪) | জনাব কাজী মাইনুল ইসলাম, পুলিশ পরিদর্শক (নিঃ), (অফিসার ইনচার্জ), হাজারীবাগ থানা, ডিএমপি, ঢাকা। | পিপিএম |
| (৫) | জনাব শেখ মোঃ নেয়ামত উল্লাহ্,পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), সাতকানিয়া থানা, চট্টগ্রাম। | পিপিএম |
| (৬) | জনাব মোঃ মামুন-অর-রশিদ, নিঃ পুলিশ পরিদর্শক, সাবেক অফিসার ইনচার্জ, ফুলতলা থানা, খুলনা ও বর্তমানে অফিসার ইনচার্জ, পাটকেলঘাট থানা, সাতক্ষীরা। | পিপিএম |
| (৭) | জনাব মোঃ আলাউদ্দিন, পুলিশ পরিদর্শক (ভূতাপূর্ব সার্জেন্ট) (শহর ও যানবাহন), এসপিবিএন-১, মোহাম্মদপুর, ঢাকা। | পিপিএম |
| (৮) | এসআই/খন্দকার মোহাম্মদ হেলাল উদ্দিন, শ্যামপুর থানা, ডিএমপি, ঢাকা। | পিপিএম |
| (৯) | এসআই/খান মোহাম্মদ জোবায়ের, রমনা বিভাগ, সাবেক রমনা থানা, বর্তমানে ধানমন্ডি থানা, ডিএমপি, ঢাকা। | পিপিএম |
| (১০) | পিএসআই/মোঃ মকবুল হোসেন, আরএমপি, রাজশাহী। | পিপিএম |
| (১১) | এসআই (সঃ) ৮৮ মোঃ জাহাঙ্গীর আলম (বর্তমানে আরআরএফ, রাজশাহীতে কর্মরত আছেন), আরএমপি, রাজশাহী। | পিপিএম |
| (১২) | এসআই (নিঃ)/মোঃ শামসুল মান্নান, মুজিবনগর থানা, মেহেরপুর। | পিপিএম |
| (১৩) | সার্জেন্ট/মোঃ হেলাল উদ্দিন ভূঁইয়া, সিএমপি, চট্টগ্রাম। | পিপিএম |
| (১৪) | এএসআই/১২১৮৯ মোঃ আব্দুল রহিম মিয়া, ডিএমপি, ঢাকা। | পিপিএম |
| (১৫) | এএসআই/৫৯০৩ মোঃ আব্দুল হালিম, পল্টন মডেল থানা, মতিঝিল বিভাগ, ডিএমপি, ঢাকা। | পিপিএম |
| (১৬) | এএসআই (নিঃ) ৩৭৩ মোঃ আজিবর রহমান, গোপালগঞ্জ জেলা। | পিপিএম |
| (১৭) | এএসআই (নিঃ) ১১৯ মোঃ আজম মাহমুদ, জেলা গোয়েন্দা শাখা, ঝিনাইদহ। | পিপিএম |
| (১৮) | এএসআই (নিঃ) ৪৬৭ মোঃ জাবেদ আলী, ঘোড়াঘাট থানা, দিনাজপুর। | পিপিএম |
| (১৯) | এএসআই/১৮১৯ মোঃ নাসির উদ্দিন সরকার, সিপিসি-২, ময়মনসিংহ, র‍্যাব-৯, সিলেট। | পিপিএম |
| (২০) | নায়েক/৩৫৭ মোঃ কেরামত আলী, পুলিশ লাইন্স, খুলনা। | পিপিএম |
| (২১) | বিডি/৪৬৭১৭২ কর্পোরাল মোঃ শামসুজ্জামান, র‍্যাব-৩, টিকাটুলী, ঢাকা। | পিপিএম |
| (২২) | নং-৫০৪৯০ নায়েক মোঃ রুহুল আজম, র‍্যাব-৩, টিকাটুলী, ঢাকা। | পিপিএম |
| (২৩) | কং/২৬৭০৯ মোঃ আজিজুর রহমান, ডাকাতি ও ছিনতাই প্রতিরোধ টিম (দক্ষিণ), গোয়েন্দা ও অপরাধতথ্য বিভাগ, ডিএমপি, ঢাকা। | পিপিএম |
| (২৪) | কং/২৭০৯১ মোঃ ফাইজুল ইসলাম, ট্রাফিক দক্ষিণ বিভাগ, ডিএমপি, ঢাকা। | পিপিএম |
| (২৫) | কং/৪২৮৬ মোঃ পিয়ারুল ইসলাম, ০২নং কোম্পানী, সদর দপ্তর বিভাগ, ডিএমপি, ঢাকা, বর্তমানে এএসআই র‍্যাব এ কর্মরত। | পিপিএম |
| (২৬) | কং/১২৭৯ মোঃ হামিদুর রহমান, আরএমপি, রাজশাহী। | পিপিএম |
| (২৭) | কং/১৬৬১ শ্রী আনন্দ কুমার, আরএমপি, রাজশাহী। | পিপিএম |
| (২৮) | কং/১৯২৩ মোঃ তৌহিদুর রহমান, আরএমপি, রাজশাহী। | পিপিএম |
| (২৯) | কং/১০৩২ মোঃ বাকির হোসেন, জেলা গোয়েন্দা শাখা, ফরিদপুর। | পিপিএম |

**(ঘ) "রাষ্ট্রপতির পুলিশ পদক (পিপিএম)-সেবা"**

| | | |
|---|---|---|
| (১) | বিএ-৩৫৮৮ লেঃ কর্ণেল মোঃ ফরিদুল আলম, পিএসসি, অধিনায়ক, র‍্যাব-৮, বরিশাল। | পিপিএম-সেবা |
| (২) | বিএ-৪১২৮ লেঃ কর্ণেল তারেক সাঈদ মোহাম্মদ, র‍্যাব-১১, আদমজীনগর, নারায়ণগঞ্জ। | পিপিএম-সেবা |
| (৩) | বিএ-৪৪৯০ লেঃ কর্ণেল কিসমৎ হায়াৎ, অধিনায়ক, র‍্যাব-১, উত্তরা, ঢাকা। | পিপিএম-সেবা |
| (৪) | জনাব মোঃ রেজাউল হক, পুলিশ সুপার, রাজবাড়ী। | পিপিএম-সেবা |
| (৫) | জনাব শেখ মোঃ রেজাউল হায়দার, বিশেষ পুলিশ সুপার (ফরেনসিক), সিআইডি, ঢাকা। | পিপিএম-সেবা |
| (৬) | জনাব মোঃ মনিরুজ্জামান পিপিএম, পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া জেলা। | পিপিএম-সেবা |
| (৭) | জনাব শামীমা বেগম, উপ-পুলিশ কমিশনার, উইমেন সাপোর্ট এন্ড ইনভেস্টিগেশন ডিভিশন, ডিএমপি, ঢাকা। | পিপিএম-সেবা |
| (৮) | জনাব মোহাম্মদ হারুন-অর-রশীদ, পিপিএম-সেবা, উপ-পুলিশ কমিশনার (লালবাগ বিভাগ), ডিএমপি, ঢাকা। | পিপিএম-সেবা |

| ক্রমিক নং | নাম, পদবী ও কর্মস্থল | সুপারিশকৃত পদক |
|---|---|---|
| (৯) | জনাব মোঃ মাসুদুর রহমান, উপ-পুলিশ কমিশনার, মিডিয়া এন্ড পাবলিক রিলেশনস, ডিএমপি, ঢাকা। | পিপিএম-সেবা |
| (১০) | জনাব জিহাদুল কবির, পুলিশ সুপার, মাগুরা। | পিপিএম-সেবা |
| (১১) | জনাব বিপ্লব কুমার সরকার, উপ-পুলিশ কমিশনার, তেজগাঁও বিভাগ, ডিএমপি, ঢাকা। | পিপিএম-সেবা |
| (১২) | বিএ-৬৭১৫ মেজর মোঃ মেহেদী হাসান, উপ-পরিচালক, ইন্টেলিজেন্স উইং, র‌্যাব ফোর্সেস সদর দপ্তর। | পিপিএম-সেবা |
| (১৩) | বিএ-৫২৯৪ মেজর মোহাম্মদ আবুল কালাম আজাদ, ই বেংগল, উপ-পরিচালক, ইন্টেলিজেন্স উইং, র‌্যাব ফোর্সেস সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা। | পিপিএম-সেবা |
| (১৪) | বিএ-৬২৫৬ মেজর মোহাম্মদ মাহফুজ-উল-আমিন নূর, উপ-পরিচালক, ইন্টেলিজেন্স উইং, র‌্যাব ফোর্সেস সদর দপ্তর। | পিপিএম-সেবা |
| (১৫) | বিডি/৮৭৫০ স্কোয়াড্রন লীডার মোহাম্মদ মিরান হোসেন, র‌্যাব-১২, সিরাজগঞ্জ। | পিপিএম-সেবা |
| (১৬) | জনাব নাসিয়ান ওয়াজেদ, অতিরিক্ত পুলিশ সুপার (অপারেশনস), পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা। | পিপিএম-সেবা |
| (১৭) | জনাব মোঃ আতিকুর রহমান মিয়া, অতিরিক্ত পুলিশ উপ-কমিশনার, বিএমপি, বরিশাল। | পিপিএম-সেবা |
| (১৮) | জনাব এম, এম হাসানুল জাহীদ, অতিরিক্ত পুলিশ সুপার, এলআইসি শাখা, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা। | পিপিএম-সেবা |
| (১৯) | জনাব মোঃ আসাদুজ্জামান, অতিঃ উপ-পুলিশ কমিশনার (মতিঝিল জোন), ডিএমপি, ঢাকা। | পিপিএম-সেবা |
| (২০) | জনাব মোহাম্মদ মোমিনুল ইসলাম ভূইয়া, অতিরিক্ত পুলিশ সুপার, সিটি স্পেশাল ব্রাঞ্চ, ঢাকা। | পিপিএম-সেবা |
| (২১) | জনাব শেখ জয়নুদ্দীন, সিনিয়র সহকারী পুলিশ কমিশনার, কেএমপি, খুলনা। | পিপিএম-সেবা |
| (২২) | জনাব একেএম মাহবুবুর রহমান, সহকারী পুলিশ কমিশনার, গোয়েন্দা ও অপরাধ তথ্য বিভাগ, ডিএমপি, ঢাকা। | পিপিএম-সেবা |
| (২৩) | জনাব জুয়েল রানা, সহকারী পুলিশ কমিশনার, গোয়েন্দা ও অপরাধ তথ্য বিভাগ, ডিএমপি, ঢাকা। | পিপিএম-সেবা |
| (২৪) | জনাব মোহাম্মদ তৌহিদুল ইসলাম, সিনিয়র এসি, ডিবি (পশ্চিম) বিভাগ, ডিএমপি, ঢাকা। | পিপিএম-সেবা |
| (২৫) | জনাব মোঃ গোলাম রব্বানী শেখ, এএসপি, র‌্যাব-৬, খুলনা। | পিপিএম-সেবা |
| (২৬) | বিএ ৭৪০৬ ক্যাপ্টেন নাহিদ আল আমিন, সহকারী পরিচালক, ইন্টেলিজেন্স উইং, র‌্যাব ফোর্সেস সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা। | পিপিএম-সেবা |
| (২৭) | জনাব এ. এম শিবলী নোমান, পিপিএম, সহকারি পুলিশ কমিশনার, (রমনা জোন), ডিএমপি, ঢাকা। | পিপিএম-সেবা |
| (২৮) | জনাব মোঃ নজরুল ইসলাম মিয়া, সহকারী পুলিশ সুপার (রাজ/ছাত্র-শ্রম), স্পেশাল ব্রাঞ্চ, ঢাকা। | পিপিএম-সেবা |
| (২৯) | জনাব সৈয়দ গোলাম মাওলা, পুলিশ পরিদর্শক, সিআইডি, ঢাকা। | পিপিএম-সেবা |
| (৩০) | জনাব মুহাম্মদ আলমগীর ভূঞা, পুলিশ পরিদর্শক (তদন্ত), চকবাজার মডেল থানা, ডিএমপি, ঢাকা। | পিপিএম-সেবা |
| (৩১) | জনাব মোঃ মেজবাহ্ উদ্দিন আহম্মেদ, পুলিশ পরিদর্শক (শহর ও যানবাহন), গোয়েন্দা ও অপরাধ তথ্য বিভাগ, ডিএমপি, ঢাকা। | পিপিএম-সেবা |
| (৩২) | জনাব মোঃ তাজুল ইসলাম, পুলিশ পরিদর্শক (তদন্ত), সবুজবাগ থানা, মতিঝিল বিভাগ, ডিএমপি, ঢাকা। | পিপিএম-সেবা |
| (৩৩) | জনাব মোঃ জাহাঙ্গীর আলম তালুকদার, পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), গোয়েন্দা ও অপরাধ তথ্য (পশ্চিম) বিভাগ, ডিএমপি, ঢাকা। | পিপিএম-সেবা |
| (৩৪) | জনাব মোঃ সিরাজুল ইসলাম শেখ, অফিসার ইনচার্জ, খিলগাঁও থানা, ডিএমপি, ঢাকা। | পিপিএম-সেবা |
| (৩৫) | জনাব মোঃ ফিরোজ তালুকদার, অফিসার ইনচার্জ, ত্রিশাল থানা, ময়মনসিংহ। | পিপিএম-সেবা |
| (৩৬) | এসআই/সোমেন বড়ুয়া, বাড্ডা থানা, ডিএমপি, ঢাকা। | পিপিএম-সেবা |
| (৩৭) | এসআই (নিঃ)/শ্যামল কুমার দত্ত, মির্জাপুর থানা, টাঙ্গাইল জেলা। | পিপিএম-সেবা |
| (৩৮) | এসআই (নিঃ)/মোঃ ইকবাল হোসেন, জয়দেবপুর থানা, গাজীপুর। | পিপিএম-সেবা |
| (৩৯) | এএসআই (নিঃ)/৪০৭ শ্রী মুকুল মোহন কুন্ড, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-১, ঢাকা। | পিপিএম-সেবা |
| (৪০) | কং/১০৩ মোঃ রফিকুল ইসলাম, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-১ বর্তমানে বদলীসূত্রে ফরিদপুর জেলায় কর্মরত। | পিপিএম-সেবা |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারজানা জেস্‌মিন**
সিনিয়র সহকারী সচিব।

## আইন অধিশাখা-৩

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ৪ মার্চ ২০১৪

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৭.১৩-৫১**—ঝালকাঠি জেলার নলছিটি থানার মামলা নং-১৩, তারিখঃ ১৫-০৮-২০১৩, সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) (সংশোধনী, ২০১৩)} এর ৯(১)(২)(৩) ধারার মামলাটিতে আসামীগণের বিরুদ্ধে সরকার কর্তৃক নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন হরকাতুল জিহাদ (হুজি) এর সদস্যভুক্ত হয়ে লাইসেন্সবিহীন অবৈধভাবে দেশীয় অস্ত্র, রামদা, গ্রেনেড ও জিহাদী বই পুস্তক রেখে সহযোগী ব্যক্তিদের সাথে সমবেত হয়ে সরকার কর্তৃক নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন হরকাতুল জিহাদ (হুজি) কর্মকাণ্ডকে গতিশীল ও উৎসাহিত করার উদ্দেশ্যে সভা করে বক্তব্য প্রদান করায় আসামিগণ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) (সংশোধনী, ২০১৩)} এর ৯(১)(২)(৩) ধারায় অপরাধ করেছেন। আসামি মোঃ মশিউর রহমান তালুকদার ওরফে মিলন তালুকদার (২৮), পিতাঃ মৃতঃ কদমআলী তালুকদার, সাং নাচনমহল, থানা নলছিটি, জেলা ঝালকাঠি আসামীগণের বিরুদ্ধে দেশে অরাজকতা সৃষ্টি করার লক্ষ্যে ষড়যন্ত্রমূলক কর্মকাণ্ডের অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ এর উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা প্রদান করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৩-৫২**—সিলেট জেলার কোতয়ালী মডেল থানার মামলা নং-৪১, তারিখঃ ১২- ৮-২০১১, সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ৮/৯(২)/১৩ ধারার মামলাটিতে আসামীর বিরুদ্ধে "মহানবী (সাঃ) কে কটুক্তিকারী, মুশরিক শংকর বিশ্বাসের ফাঁসি চাই, কাফের মুশরিকদের দালাল শাসকদের অপসারণ করে পবিত্র কুরআনের শাসন, খিলাফত ব্যবস্থা, প্রতিষ্ঠার দাবীতে সমাবেশ ও মিছিল করায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ৮/৯(২)/১৩ ধারার অপরাধ করেছেন। ধৃত আসামী মোঃ আমজাদ হোসেন (২৬), পিতাঃ মোঃ আঃ হাই, সাং নাগাইশ, পোঃ নাগাইশ, থানাঃ ব্রাহ্মণপাড়া, জেলাঃ কুমিল্লা বর্তমানে নবাব রোড, কোতয়ালী, সিলেট। আসামীর বিরুদ্ধে দেশে অরাজকতা সৃষ্টি করার লক্ষ্যে ষড়যন্ত্রমূলক কর্মকাণ্ডের অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ধারা ৪০ এর উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা প্রদান করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এফ এম তৌহিদুল আলম**
সহকারী সচিব।

---

## প্রধানমন্ত্রীর কার্যালয়
## সশস্ত্র বাহিনী বিভাগ
## প্রশাসন ও ব্যবস্থাপনা পরিদপ্তর

### প্রজ্ঞাপন

তারিখ, ৫ আষাঢ় ১৪২১/১৯ জুন ২০১৪

**নং ০৬.০০.০০০০.০২০.২৪.০০২.১৪-৮০০**—বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড (বিএএসবি) কর্তৃক পরিচালিত বাংলাদেশ সার্ভিসম্যান চেরিট্যাবল রিলিফ ফান্ড (বিএসবিআরএফ) কমিটি, যাহা প্রতিরক্ষা মন্ত্রণালয় পত্র নং ৭/৬৯/৭৬/ডি-৫/৪৪৫ তারিখ ১০ নভেম্বর ১৯৭৬ যোগে গঠিত হয়, তাহা এক্ষণে প্রয়োজনের তাগিদে নিম্নরূপভাবে সংশোধিত/পুনর্গঠিত হইল ঃ

### সংশোধিত পুনর্গঠিত কমিটি

**চেয়ারম্যান**

**জন্য ঃ**

(ক) পরিচালক, প্রশাসন ও ব্যবস্থাপনা পরিদপ্তর, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস।

**পড়ুন ঃ**

(ক) মহাপরিচালক, প্রশাসন ও ব্যবস্থাপনা পরিদপ্তর, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস।

**সদস্যবৃন্দ**

**জন্য ঃ**

(ঘ) উপ-সচিব, ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রণালয়।

**পড়ুন ঃ**

(ঘ) উপ-সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

প্রিন্সিপাল স্টাফ অফিসারের আদেশক্রমে

**সরদার ওয়ালুর রহমান**
মেজর।

---

## ভূমি মন্ত্রণালয়
## জরিপ শাখা-২(অপারেশন)

### বিজ্ঞপ্তি

তারিখ, ২২ মাঘ ১৪২০/৪ ফেব্রুয়ারি ২০১৪

**নং ৩১.০৩৬.০৩৩.০০.০০.১৫৫.১০-২৯**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারাধীন ৭ নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত তফসিলভুক্ত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

**তফসিল**

| ক্রমিক | মৌজার নাম | জে, এল, নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১) | বড় গৌরীচন্না | ০৯ | বরগুনা সদর | বরগুনা |
| (২) | গাবতলী | ১৮ | বরগুনা সদর | বরগুনা |
| (৩) | জাঙ্গালিয়া | ১৭ | বরগুনা সদর | বরগুনা |
| (৪) | কাগচিড়া | ০৫ | বরগুনা সদর | বরগুনা |
| (৫) | মানিকখালী | ১৭ | বরগুনা সদর | বরগুনা |
| (৬) | বড় ট্যাংরা | ৩০ | বরগুনা সদর | বরগুনা |
| (৭) | বাদুরতলা | ৩৭ | বরগুনা সদর | বরগুনা |
| (৮) | চর রুপাপুর | ০২ | ভোলা সদর | ভোলা |
| (৯) | চর হাজীপুর | ১৪ | ভোলা সদর | ভোলা |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কানিজ মওলা**
সিনিয়র সহকারী সচিব।

**বিজ্ঞপ্তি**

তারিখ, ১৩ জ্যৈষ্ঠ ১৪২১/২৭ মে ২০১৪

**নং ৩১.০৩৬.০৩৩.০০.০০.১৯১.২০১০-১১৭**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারাধীন ৭ নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত তফসিলভূক্ত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

| **ক্রমিক** | মৌজার নাম | জে, এল, নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১) | চর শেফালী | ১০০ | মেহেন্দীগঞ্জ | বরিশাল |
| (২) | কমিশনারের চর | ৮২ | মুলাদী | বরিশাল |
| (৩) | আইচা | ৭৫ | বরিশাল সদর | বরিশাল |
| (৪) | চর গোপালপুর | ৯২ | বরিশাল সদর | বরিশাল |
| (৫) | পীরের চর | ১১০ | মিরসরাই | চট্টগ্রাম |
| (৬) | সাধুরচর | ১১১ | মিরসরাই | চট্টগ্রাম |
| (৭) | শিল্পচর | ১১২ | মিরসরাই | চট্টগ্রাম |
| (৮) | চর মোশাররফ | ১১৩ | মিরসরাই | চট্টগ্রাম |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুর্শিদা শারমিন**
সিনিয়র সহকারী সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭।**

**আদেশ**

তারিখ, ১৫ জুন ২০১৪

**নং বিচার-৭/২এন-১৫৬/৭৮(অংশ)-৩০৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোঃ হারুনুর রশিদ, পিতা-মৃত সেকান্দর আলী, মাতা-মৃত মজিরন্নেছা, গ্রাম-ইন্দিলপুর, ডাকঘর-পূর্ব ঝিনিয়া, ওয়ার্ড নং-৬, ইউনিয়ন-৯নং কুড়িকাহনিয়া, উপজেলা-শ্রীবরদী, জেলা-শেরপুর। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে শেরপুর জেলার শ্রীবরদী উপজেলার ০৯নং কুড়িকাহনিয়া ইউনিয়নের ৬, ৭, ৮ ও ৯নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ হেমায়েত উদ্দিন**
সিনিয়র সহকারী সচিব।